ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ১৮৮ ● কলকাতা ● ২৩ আষাঢ়, ১৪৩০ ● রবিবার ● ০৯ জুলাই, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা



বিদ্যা বালান নিজেকে অপছন্দ করতেন কেন? পৃঃ ৫



বিতর্ক যেন পিছু ছাড়ছে না নেইমারের পৃঃ ৬

## পঞ্চায়েতে হিংসায় রাজ্যজুড়ে বলি ১৫



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পঞ্চায়েত ভোটের সকালে রাজ্যের বিভিন্ন প্রান্তে মৃত্যুর খবর আসতে শুরু করেছে। এখনও পর্যন্ত মৃত্যু হয়েছে ১৫ জনের। বিভিন্ন হাসপাতালে আহত হয়ে ভর্তি অনেকে। তৃণমূল, বিজেপি, সিপিএম প্রত্যেক দলই তাঁদের কর্মীদের মৃত্যু দাবি করেছে। এখনও পর্যন্ত যা তথ্য পাওয়া গিয়েছে, তাতে মৃত ১৫ জনের মধ্যে ১০ জন তৃণমূল কর্মী বা সমর্থক।অন্যদিকে, পঞ্চায়েত নির্বাচনের ভোটের নদিয়ার বলি ১। নদিয়ার চাপড়ায় বড় আন্দুলিয়া হাই স্কুলের ১০০ নম্বর বুথে ছাপ্পা মারার অভিযোগ পাশাপাশি গুলি চালানোর অভিযোগ তুলল বিরোধীরা। শাসকদলের বিরুদ্ধে স্কুলের ১০০ নম্বর বুথে ছাপ্পা মারার অভিযোগের পাশাপাশি গুলি চালানোর অভিযোগ তুলল বিরোধীরা, শাসকদলের বিরুদ্ধে। রাজ্যে পঞ্চায়েত নির্বাচনে এখনও পর্যন্ত মৃত্যুর সংখ্যা ১৪। বিজেপি-র ২ জন এবং সিপিএমের ২ জন। অন্যদিকে একজন ভোটারেরও মৃত্যু হয়েছে।

এদিন মুর্শিদাবাদে একাধিক হিংসার খবর আসতে শুরু করেছে। মুর্শিদাবাদে এখনও পর্যন্ত মৃত্যু হয়েছে ৫ জনের। কোচবিহারের দিনহাটাও সংঘর্ষে উত্তপ্ত হয়েছে। এদিন ভোটপর্ব শুরু হতেই রাজ্যের বিভিন্ন জায়গা থেকে মৃত্যুর খবর সামনে আসতে শুরু করেছে।তৃণমূলের অভিযোগ, তাদের কর্মীদের লক্ষ্য করে বোমাবাজির করেছে সিপিএম। বোমার আঘাতে মৃত্যু আনিসুর অস্তাগারের। বাসন্তীর ফুল মালঞ্চ গ্রাম পঞ্চায়েতের ১০৩ নম্বর বুথ ফুল মালঞ্চ প্রাথমিক স্কুলের ঘটনা।

## বুলেটে নয়, ব্যালটে ভোট হওয়া উচিত!

# কড়া বার্তা রাজ্যপালের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বুলেটে নয়, ব্যালটে ভোট হওয়া উচিত! এমনটাই মন্তব্য করলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। রাজ্যে জুড়ে অবাধ সন্ত্রাস। এই অবস্থায় সকাল থেকেই পথে নেমেছেন রাজ্যপাল। একের পর এক সন্ত্রাস কবলিত এলাকাতে ঘুরছেন। মানুষের সঙ্গে কথা বলে পরিস্থিতি বোঝার চেষ্টা করছেন।মনোনয়ন পর্ব থেকে হিংসার ঘটনার সাক্ষী বাংলা। একের পর এক জায়গাতে অশান্তির খবর সামনে এসেছে। শুধু তাই নয়, পঞ্চায়েত ভোট ঘোষণার পর থেকেই এখনও পর্যন্ত রাজ্যে ৩২ জনের মৃত্যু হয়েছে। এই অবস্থায় রাজভবনের মধ্যে কন্ট্রোল রুম খোলা হয়। এমনকি খোদ রাজ্যপাল আধিকারিকদের সঙ্গে হিংসা প্রবণ এলাকাগুলিতে গিয়ে মানুষের পাশে থাকার কথা বলেছেন।সেই মতো শুক্রবার সকালে বারাসতে কাদম্বগাছিতে যান রাজ্যপাল সিভি আনন্দ বোস। আর সেখানেই সাংবাদিকদের মুখোমুখি হন তিনি। কড়া ভাষায় হিংসা নিয়ে বার্তা দেন রাজ্যপাল। একই সঙ্গে উদ্বেগ প্রকাশ করেন তিনি। রাজ্যপাল সিভি আনন্দ বোস জানান, বুলেটে নয়, ব্যালটে ভোট হওয়া উচিত!

তবে এদিন কদম্বগাছী যাওয়ার পথে বিরোধীদের বিক্ষোভের মুখে পড়তে হয় রাজ্যপাল সিভি আনন্দ বোসকে। কাউগাছিতে রাজ্যপালের গাড়ি আটকে দেওয়া হয় বলে জানা যাচেছ। বিরোধীদের অভিযোগ, একাধিক বুথে কেন্দ্রীয় বাহিনী নেই। সিভিক ভলেন্টিয়ারদের দিয়ে বুথের

এরপর ৩ পাতায়

## কে কাকে গুলি করে মারবে, কে তার গ্যারান্টি দেবে: কমিশন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পঞ্চায়েত ভোটে রক্তস্নাত বাংলা। ভোটগ্রহণের শুরু থেকেই অশান্তির শুরু। একের পর এক জায়গায় ভোট ঘিরে হিংসা ছড়ায়। বিকেল ৫টা পর্যন্ত ভোটের বলি ১৪! রক্তাক্ত পঞ্চায়েত ভোট বাতিলের দাবিতে হাইকোর্টে দায়ের হয়েছে জনস্বার্থ মামলা। কমিশনের ব্যর্থতার দিকে আঙুল তুলেছেন বিরোধীরা।এদিন ভোটে সবচেয়ে বেশি রক্ত ঝরেছে মুর্শিদাবাদে। শুধু মুর্শিদাবাদেই খুন হয়েছেন ৫ জন। এরপর কোচবিহারে ৩ জন। মালদায় ২ জন। পূর্ব বর্ধমান, নদিয়া, দক্ষিণ ২৪ পরগনা ও উত্তর দিনাজপুরে ১ জন করে প্রাণ হারিয়েছেন। ওদিকে কমিশনের অফিসে জমা পড়ে ১০০০-এরও উপর বেশি অভিযোগ। এখন রাজ্যের যেসব বুথে অশান্তি হয়েছে, সেখানে পুনর্নির্বাচন হবে বলে জানিয়েছে কমিশন।কিন্তু রাজ্য নির্বাচন কমিশনার রাজিবা সিনহার বক্তব্য, 'কে কাকে গুলি করে মারবে, কে তার গ্যারান্টি দেবে!'

নির্বাচন কমিশনার রাজিবা সিনহার কথায়, 'সন্ত্রাস আটকানোর দায়িত্ব রাজ্য প্রশাসনের। আমাদের দায়িত্ব ব্যবস্থাপনা সঠিক রাখার। আমরা সেটা করেছি। তবে কেউ তো গ্যারান্টি দিতে পারবে না কে কোথায় কাকে গুলি করে মেরে দেবে!' স্বাভাবিকভাবেই রাজ্য নির্বাচন

এরপর ৩ পাতায়

সাতকাহন

{কবিতা সংকলন}

ছায়াপথ প্রকাশনী

আলোর মিছিল

সম্পাদনায়:- অদিতি আচার্য্য ও মৃত্যুঞ্জয় সরদার

* GOVT. REGD
* ISBN allocation
* Online/Offline selling

লেখা পাঠানোর প্রক্রিয়া

১. স্রষ্টার কবিতা যেকোনো পর্যায়ের হতে পারে।
২. কবিতা সর্বাধিক ২৪ লাইনের হতে পারে।
৩. লেখা পাঠানোর ৩দিনের মধ্যে মনোনীত হলে যোগাযোগ করা হবে।
৪. what'sapp এ টাইপ বা document করে লেখা পাঠাতে হবে।

নির্বাচিত সাহিত্যিকদের জন্যে থাকছে মানপত্র এবং মেমেন্টো।



-:লেখা পাঠানোর ঠিকানা:-
what's app :- 7439971094
সময়সীমা:- ৩০শে জুলাই, ২০২৩ এর মধ্যে।

প্রিবুক মূল্য:-
২৫০ টাকা মাত্র

আমরা সৌজন্য সংখ্যা দিতে অপরাগ, একটি কপি প্রিবুক করে নেওয়ার অনুরোধ জানাই।

বি: দ্র: - বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলার বিশিষ্ট সাহিত্যিক, অভিনেতা, সঙ্গীত এবং নৃত্য জগতের দিকপালরা, সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ পাবে বইটি।

Chayapoth Publication Facebook Page

একটি উন্নততর আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান

সরবেড়িয়া আন্-নূর মিশন

রেজিস্টার্ড অফিস : সরবেড়িয়া, পোঃ-এফ.এস. হাট, থানা - ন্যাজাট, জেলা - উঃ ২৪ পরগনা, পিন : ৭৪৩৩২৯

E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Website : annoormission.org

প্রতিষ্ঠাতা : মরহুম আলহাজ্ব আব্দুল হামিদ

২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি চলিতেছে

যে সমস্ত ছাত্র-ছাত্রীরা ২০২৩ সালে মাধ্যমিক পরীক্ষা দিয়েছে তারা অভিভাবক সহ সরাসরি মিশনে এসে Spot Exam এর মাধ্যমে একাদশ শ্রেণিতে কলা ও বিজ্ঞান বিভাগে ভর্তি হতে পারবে এবং মাধ্যমিক পরীক্ষার ফলাফল বের হলে ৭৫ শতাংশ নম্বর বিজ্ঞান বিভাগ ও ৬০ শতাংশ নম্বরে কলা বিভাগে ভর্তি হওয়ার সুযোগ পাবে। মেধাবী ও দুঃস্থ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বিশেষ সুযোগ-সুবিধা দেওয়া হবে। সত্ত্বর যোগাযোগ করুন।

আসন সংখ্যা সীমিত



Gilr's Hostel



Boy's Hostel



মোস্তাক হোসেন
প্রধান পৃষ্ঠপোষক
কর্ণধার
পতাকা শিল্পগোষ্ঠী



সেখ নুরুল হক
চেয়ারম্যান
অ্যাকাডেমিক কাউন্সিল
অবসরপ্রাপ্ত আই.এ.এস

মাধ্যমিক ফলাফল -২০২২

| বোর্ড/কাউন্সিল | | মোট পরীক্ষার্থী | স্টার | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | সর্বোচ্চ প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| WBBSE | ছাত্রী | ২৮ | ০৩ | ২০ | ০৫ | ৫৮১ |
| | ছাত্র | ০৯ | ০৩ | ০৪ | ০২ | ৫৬৬ |
| | সর্বমোট | ৩৭ | ০৬ | ২৪ | ০৭ | |

উচ্চমাধ্যমিক ফলাফল -২০২২

| বোর্ড/কাউন্সিল | | মোট পরীক্ষার্থী | >90 % | 90-80 % | স্টার মার্কস | সর্বোচ্চ প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| WBCHSE | ছাত্রী (বিজ্ঞান) | ০৮ | ০১ | ০৮ | ০৮ | ৪৬২ |
| | ছাত্র (বিজ্ঞান) | ০৬ | ০১ | ০৬ | ০৬ | ৪৫৪ |
| WBCHSE | ছাত্রী (কলা) | ১৬ | ০০ | ১৪ | ১৬ | ৪৪১ |
| | ছাত্র (কলা) | ০২ | ০০ | ০২ | ০২ | ৪৪১ |
| | সর্বমোট | ৩৭ | ০৬ | ২৫ | ৩২ | |



জাকির হোসেন মোল্লা
সম্পাদক
সরবেড়িয়া আন্-নূর মিশন
মোঃ - ৯৭৩২ ৫৩১ ১৭১

আবাসিক শিক্ষক চাই
- জীববিদ্যা
- পুষ্টিবিদ্যা
- পদার্থবিদ্যা
- শিক্ষাবিজ্ঞান
- আরবী (এম.এম)

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

97 34 54 95 05 / 95 64 01 19 06

## রক্ত ঝরা তিস্তার পঞ্চায়েত নির্বাচন




**নিজস্ব প্রতিনিধি : নিউজ সারাদিন :** দক্ষিণ ২৪ পরগনা কুলতলী মেরিগঞ্জ এক নম্বর গ্রাম পঞ্চায়েত হোড়খালি গ্রাম সভা ৩/৪ নম্বর বুথে সকাল ৭ টা থেকে শান্তিপূর্ণভাবে ভোট হচ্ছিল। কুলতলী আই সি ইস্কুলের ছাদে উঠে ফাকা ফাইরিরং করেন এমন টাই দাবি করছেন এস ইউ সি প্রার্থী তারপর টিএমসির লোকজনেরা বুথের ছাপ্পা মারতে শুরু করেন বলে অভিযোগ। চার নম্বর বুথের প্রার্থী আলপনা সরদার এস ইউ সি আই। উনি সম্পূর্ণ কুলতলির আইসি কে দোষারোপ করলেন উনি বলেন সকাল ১১ টার সময় ব্যালট বক্স পুলিশ নিয়ে পালিয়ে যায়। ব্যালট বক্স আটকাতে গেলে পুলিশ কাঁদিনি গ্যাস এর সেল ফাটিয়ে বক্স নিয়ে পালায় দাবি প্রত্যক্ষদর্শীদের।

পাশাপাশি বুথের সিপিআইএম প্রার্থী আব্দুল জব্বার সেখ। উনি বলেন সম্পূর্ণভাবে দুটো বুথ পুলিশ থাকা সত্ত্বেও পুলিশ সহযোগিতায় দখল করে নিয়েছে টিএমসির দুষ্কৃতীরা। তারপর ব্যাপক গোলাগুলি চলে।

যারা গুলিবিদ্ধ। ১/মনোয়ারা লস্কর স্বামী আলী হোসেন লস্কর ২/, তরুণ সরদার পিতা বাসুদেব সরদার। ৩/শাফিউদ্দিন গাজী পিতা জয়নাল গাজী ৪/, কানাই সরদার পিতা গণেশ সর্দার। ৫ লক্ষ্মী সর্দার স্বামী ধনঞ্জয় সরদার। ৬/প্রফুল্ল সরদার পিতা মানিক সরদার। ৭/বাবুরাম সরদার পিতা সনাতন সরদার। ৮/জয়রুদ্দিন মিস্ত্রি আব্দুর রহিত মিস্ত্রি। মোট আটজনার গুলি লাগে তার মধ্যে তিনজন আশঙ্কাজনক হসপিটালে ভর্তি। চোখে মুখে ভয়ের ছাপ থম থমে হয়ে আছে পুরো একাকার মানুষ। ঘটনার পরে আলাকতে দেখা মেলেনি কেন্দ্র বাহিনীর।

## বিকেল ৫টা পর্যন্ত রাজ্যে ভোট পড়ল ৬৬.২৮ শতাংশ




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** খুনোখুনির অভিযোগ উঠেছে ক্রমাগত। তার মধ্যেই শনিবার বিকেল ৫টা পর্যন্ত পর্যন্ত রাজ্যে ভোট পড়েছে ৬৬.২৮ শতাংশ। জানিয়েছে রাজ্য নির্বাচন কমিশন। বিকেল ৩টে পর্যন্ত রাজ্যে ভোট পড়েছিল ৫১.০৬ শতাংশ।মালদহের মানিকচকে তৃণমূল কর্মীকে খুনের অভিযোগ কংগ্রেসের বিরুদ্ধে। ইংরেজবাজারে বোমাবাজিতে নিহত তৃণমূল প্রার্থীর শাশুড়ি। নদিয়ার চাপড়ায় তৃণমূলের এক কর্মীকে কুপিয়ে খুনের অভিযোগ উঠেছে। গোয়ালপোখরেও শাসকদলের এক কর্মী নিহত হয়েছেন। পূর্ব বর্ধমানের কাটোয়ায় নিহত তৃণমূলের এজেন্ট। গোয়ালপোখরে এক কংগ্রেস কর্মীর মৃত্যু হয়েছে। নাম মহম্মদ জামিরউদ্দিন। যদিও রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিংহ শনিবার দুপুরে জানান, ভোটের দিন তিন জনের মৃত্যু হয়েছে। তিনি এ-ও জানিয়েছেন, রাজ্যের আইনশৃঙ্খলা রাজ্য পুলিশের বিষয় নির্বাচন কমিশনের কাজ 'ব্যবস্থাপনা'। সেই কাজটা কমিশন করেছে। অশান্তির অভিযোগ পেয়ে সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট এলাকার এসপি, জেলাশাসককে জানিয়েছে।

মনোনয়ন পর্ব থেকেই রাজ্যে হিংসার অভিযোগ উঠেছে। রাজ্যের সব ভোটকেন্দ্রে কেন্দ্রীয় বাহিনী চেয়ে বিরোধীরা দ্বারস্থ হন হাই কোর্টের।

হাই কোর্ট ৮২২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট করানোর নির্দেশ দেয়। জানায়, সব ভোটগ্রহণ কেন্দ্রে কেন্দ্রীয় বাহিনীর সদস্য রাখতে হবে। যদিও শেষ পর্যন্ত রাজ্যের সব ভোটগ্রহণ কেন্দ্রে পৌঁছতে পারেননি কেন্দ্রীয় বাহিনীর সদস্যেরা। রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিংহ জানিয়েছেন, ৬০ হাজার বুথে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের চেষ্টা করা হলেও শেষ পর্যন্ত এক চতুর্থাংশ ভোটেই তারা রয়েছে। তার পরেও হিংসার অভিযোগ থামেনি।

রাজ্যের সাতটি জেলায় হিংসার জেলে প্রাণহানির অভিযোগ উঠেছে। ওই সাত জেলায় অন্তত ১৩ জনের মৃত্যু হয়েছে। ব্যালট লুট, ব্যালট বাক্সে আগুন, জল ঢালার অভিযোগও উঠেছে। ভোটের দিনেও হিংসা থামেনি মুর্শিদাবাদে। শুক্রবার রাত থেকে শনিবার বিকেল পর্যন্ত সেখানে মারা গিয়েছেন পাঁচ জন। সেখানে দুই তৃণমূল কর্মীকে খুনের অভিযোগ উঠেছে। নিহত এক কংগ্রেস এবং সিপিএম কর্মীও। দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীতে নিহত তৃণমূল কর্মী। কোচবিহারের ফলিমারি গ্রাম পঞ্চায়েতে ভোটেরহাট ৪/৩৮ নম্বর বুথে বিজেপির এজেন্টকে খুনের অভিযোগ উঠেছে। দিনহাটায় গুলিবিদ্ধ হয়ে মৃত্যু হয়েছে বিজেপি কর্মীর।

## ডিজনি+ হটস্টারে পরিচালক সুপর্ণ ভার্মা এবং যীশু সেনগুপ্ত

# তাদের আসন্ন ওয়েব সিরিজ 'দ্য ট্রায়াল: প্যায়ার, কানুন, ধোকা'-এর জন্য কলকাতা শহরে নিয়ে যাচ্ছেন

- বানিজয় এশিয়া প্রযোজিত, তৎসহ পরিচালক এবং শোরানার সুপর্ণ এস ভার্মার, দ্য ট্রায়াল - প্যায়ার, কানুন, ধোখা ১৪ জুলাই, ২০২৩ থেকে স্ট্রিমিং শুরু হবে, কেবলমাত্র ডিজনি+ হটস্টারে -



**কলকাতা, ৮ই জুলাই ২০২৩ : নিউজ সারাদিন :** একটি একক পছন্দ নয়োনিকা এবং তার পরিবারের জন্য অশান্তির পথ নির্ধারণ করে এবং তাদের ভাগ্য নির্ধারণ করে। পছন্দের জালে আটকে, দ্য ট্রায়াল - প্যায়ার, কানুন, ধোখা নয়োনিকার যাত্রা অনুসরণ করে যখন সে এমন একটি যাত্রা শুরু করে যা তাকে সত্যই তার স্বামীর বিশ্বাসঘাতকতার পরে সময়ের পরীক্ষায় দাঁড় করিয়ে দেয়। ডিজনি+ হটস্টার একটি চমৎকার কোর্টরুম ড্রামা উপস্থাপন করে, দ্য ট্রায়াল - পেয়ার, কানুন, ধোখা যা জীবনের এই আকর্ষণীয় বিচারকে প্রদর্শন করে যখন নয়োনিকা তার জীবনে ছুড়ে দেওয়া বাঁকা বলগুলির মধ্য দিয়ে এগিয়ে চলে। শোটিতে নয়নিকা সেনগুপ্তের চরিত্রে রয়েছেন পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত, কাজল এবং তৎসহ শীবা চাড্ডা, জিশু সেনগুপ্ত, আলে খান, কুব্রা সাইত এবং গৌরব পান্ডে মুখ্য ভূমিকায় অভিনয় করেছেন। বানিজয় এশিয়া প্রযোজিত, দ্য ট্রায়াল - প্যায়ার, কানুন, ধোখা পরিচালনা করেছেন সুপর্ণ এস ভার্মা এবং ১৪ই জুলাই, ২০২৩ এ স্ট্রিমিং শুরু হবে, কেবলমাত্র ডিজনি+ হটস্টারে-এ।

ভারতের সবচেয়ে আকাঙ্খিত স্বামী এবং প্রতিটি মহিলার হৃদয়স্পর্শী জিশু সেনগুপ্ত এবং তৎসহ পরিচালক এবং শোরানার সুপর্ণ এস. ভার্মা তাদের আসন্ন ওয়েব সিরিজ দ্য ট্রায়াল - পেয়ার, কানুন এর জন্য আনন্দের শহর কলকাতায়, ৪ ও ৫ জুলাই একটি প্রচারমূলক সফর শুরু করেছেন। কলকাতার রৌদ্রজ্বল রাস্তাগুলি তাদের মঞ্চ হয়ে ওঠে যখন তারা তাদের প্রিয় ওয়েব সিরিজের প্রচার করেছিল এবং তাদের প্রিয় রেস্তোরাঁ - মোকাম্বোতে খাবারের জন্য গিয়েছিল।

কলকাতায় তার অভিজ্ঞতার প্রতিফলন করে, ডিজনি+ হটস্টারের দ্য ট্রায়াল: প্যায়ার, কানুন, ধোখা-এর ডিরেক্টর এবং শোরানার সুপর্ণ এস. ভার্মা বলেন, "কলকাতা আমার জীবনের বেশিরভাগ সময়ই একটি প্রেমের সম্পর্ক ছিল। শহরে ফিরে যাওয়া একটি পরম আনন্দের অভিজ্ঞতা ছিল: মানুষ, খাবার, গান এবং বিভিন্ন অফিসে যাওয়া, তা টিভি চ্যানেল হোক বা রেডিও স্টেশন, আমি ফিরে আসার জন্য আর অপেক্ষা করতে পরছিলাম না! দ্য ট্রায়াল - পেয়ার, কানুন, ধোকা নিয়ে কলকাতায় অনেক উত্তেজনা রয়েছে এবং শোটি মুক্তি পাওয়ার সাথে সাথে আমি এখানে সবার প্রতিক্রিয়া প্রাপ্তির অপেক্ষায় আছি।"

যীশু সেনগুপ্ত, এক উড়নচণ্ডী ছেলে তার প্রিয় জন্মস্থানে ফিরে এসে বলেন, "আমার শহরে ফিরে এসে এবং এমন একটি অনুষ্ঠানের প্রচার করতে যা বাংলা নয়, হিন্দিতে এবং একই উত্তেজনা পেয়ে আমি দারুণ অনুভব করছি! আমি যখন কোলকাতায় আসি তখন আমার সমস্ত স্মৃতি ছুটে আসে, বিশেষ করে বৃষ্টি ফিরে আসে এবং সেই বৃষ্টিতে খেলার স্মৃতিগুলি। সবচেয়ে ভালো দিক হল আমি আমার বাচ্চাদের সাথে দেখা করতে পারি, বিশেষ করে ছোটটির সাথে কারণ আমার কাজের কারণে বেশিরভাগ সময় আমি মুম্বাই এবং হায়দ্রাবাদে থাকি।

দ্যট্রায়াল - পেয়ার, কানুন, ধোখা-এর প্রচারের জন্য সুপর্ণকে আমার শহরে পেয়ে খুব ভালো লাগছে এবং দর্শকরা সিরিজটি সম্পর্কে কেমন অনুভব করবেন তা দেখার জন্য আমি আর অপেক্ষা করতে পারছি না!"

**- দ্য ট্রায়াল - প্যায়ার, কানুন, ধোখা এর সাথে নয়োনিকার জীবনের বিচার প্রত্যক্ষ করুন - স্ট্রিমিং ১৪ই জুলাই থেকে কেবলমাত্র ডিজনি+ হটস্টারে-**



## দুবাইয়ের ইনডোর গেমস সহ ভবিষ্যৎ জাদুঘর থেকে,

# ঐতিহ্যের ল্যান্ডমার্ক এবং মহান অভ্যন্তরে জাঁকজমক উপভোগ করুন



**Kolkata, July 7, 2023: নিউজ সারাদিন :** দুবাই উভয় বিশ্বের সেরা অফার দিয়ে থাকে; এটি শুধুমাত্র বাইরের দিকে দৃষ্টি আকর্ষণ করার জন্য বিখ্যাত নয় বরং অভ্যন্তরীণ ক্রিয়াকলাপের জন্যও গর্বিত বোধ করে। গ্রীষ্মের সবচেয়ে বেশি উপভোগ করুন এবং শহরের অভ্যন্তরীণ ক্রিয়াকলাপগুলিতে নিজেকে নিমজ্জিত করুন। স্বপ্নের গন্তব্যে আপনার পরবর্তী ভ্রমণের জন্য দুবাইয়ের কিছু মনোমুগ্ধকর ইনডোর ভেন্যু রয়েছে।

থিয়েটার অফ ডিজিটাল আর্ট: এটি শিল্প উতসাহী, প্রযুক্তি উতসাহী এবং একটি অনন্য সাংস্কৃতিক অভিজ্ঞতার সন্ধানকারী ব্যক্তিদের জন্য অবশ্যই দর্শনীয়।

লা পার্লে শো: আপনার লা পার্লে বাই ড্রাগনের একটি আসন সংরক্ষণ করা উচিত কারণ প্রতি বছর একটি আশ্চর্যজনক ৪৫০টি পারফরম্যান্স সহ, এটি দুবাইয়ের প্রথম স্থায়ী শো।

টপ গল্ফ: টপ গল্ফ হল এমিরেটস গল্ফ ক্লাবের একটি তিন-স্তরের বিনোদন স্থান যেখানে ৬০,০০০ বর্গ ফুটের বেশি বিস্তৃত একটি রুফটপ বারান্দা রয়েছে।

মোহাম্মদ বিন রশিদ লাইব্রেরি: দুবাইয়ের মোহাম্মদ বিন রশিদ লাইব্রেরি উদ্ভাবনশীলতা এবং স্থায়িত্বের শিখর, এটি হল সকল বইপ্রেমীদের জন্য।





চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

সম্রাজ্ঞী
{কবিতা সংকলন}
ছায়াপথ প্রকাশনী
আলোর মিছিল
সম্পাদিকা:- অদিতি আচার্য্য
লেখা পাঠানোর প্রক্রিয়া
* GOVT. REGD
* ISBN allocation
* Online/Offline selling
১. স্রষ্টার কবিতা যেকোনো পর্যায়ের হতে পারে।
২. কবিতা সর্বাধিক ২৪ লাইনের হতে পারে।
৩. লেখা পাঠানোর ৩দিনের মধ্যে মনোনীত হলে যোগাযোগ করা হবে।
৪. what'sapp এ টাইপ বা document করে লেখা পাঠাতে হবে।
নির্বাচিত সাহিত্যিকদের জন্যে থাকছে মানপত্র এবং মেমেন্টো।
-:লেখা পাঠানোর ঠিকানা:-
what's app :- 8207240867
সময়সীমা:- ৩০শে জুলাই, ২০২৩ এর মধ্যে।
বি: দ্র: - বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলা চলচ্চিত্র অভিনেতা অভিনেত্রীরা, সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ পাবে বইটি।
আমরা সৌজন্য সংখ্যা দিতে অপরাগ, একটি কপি প্রিবুক করে নেওয়ার অনুরোধ জানাই।
Chayapoth Publication Facebook Page

১-ম পাতার পর

# কে কাকে গুলি করে মারবে, কে তার গ্যারান্টি দেবে: কমিশন

কমিশনারের এমন মন্তব্যে বিতর্ক উসকে উঠেছে। উল্লেখ্য, এদিন সকালে ভোট শুরু পরে প্রায় ৩ ঘণ্টা নির্বাচন কমিশনের অফিসে দেখা যায়নি নির্বাচন কমিশনার রাজিবা সিনহাকে। বেলা ১০টা নাগাদ কমিশনের দফতরে আসেন তিনি। এরপরে কোন বুথে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা সম্ভব হয়েছে, তার হিসাব চায় রাজ্য নির্বাচন কমিশন। এদিকে ভোটের শুরুর পর প্রথম ৬ ঘণ্টাতেই হিংসার বলি হন ৬ জন। তারপর সময় যত গড়ায়, তত বাড়তে থাকে মৃত্যুমিছিল।প্রসঙ্গত, এদিন কমিশনের দফতরে আসার পর রাজিবা সিনহার প্রথম বক্তব্য ছিল, '৭টি খুন এগুলি স্টেটের বিরুদ্ধে ক্রাইম, পুলিস ব্যবস্থা নেবে।' রাজ্য নির্বাচন কমিশনার বলেন, 'সাতটি খুন এগুলি স্টেটের বিরুদ্ধে ক্রাইম। পুলিস ব্যবস্থা নেবে। ১২০০-১৩০০ বুথে গন্ডগোলের মধ্যে ৬০০-র সমাধান হয়েছে। যা অভিযোগ এসেছে সব জেলাশাসকদের পাঠানো হয়েছে। শান্তি বা অশান্তি বলা উচিত হবে না। কারণ প্রচুর অশান্তির খবর আসছে কমিশনের কাছে। সব কিছু শান্তিপূর্ণ হয়েছে যেমন বলা সম্ভব নয়, তেমন অশান্তি হয়েছে এটাও বলা সম্ভব নয়। ১৫ হাজার বুথে কেন্দ্রীয় বাহিনী আছে। সব স্পর্শকাতর বুথেও বাহিনী মোতায়েন আছে। ফোর্স আসার সঙ্গে সঙ্গেই মোতায়েন হয়েছে।'

১-ম পাতার পর

# বুলেটে নয়, ব্যালটে ভোট হওয়া উচিত! কড়া বার্তা রাজ্যপালের

পাহাড়া দেওয়া হচ্ছে বলেও রাজ্যপালকে অভিযোগ জানান বিরোধীদের দলের নেতা কর্মীরা। বিষয়টি গুরুত্ব দিয়ে দেখা হবে বলে আশ্বাস দেন রাজ্যপাল।

পরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোস জানান, যখনই কোনও অভিযোগ সামনে আসছে তা গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে। এমনকি যথাযথ পদক্ষেপ করা হচ্ছে বলেও জানান রাজ্যপাল। পাশাপাশি সাধারণ মানুষকে বেরিয়ে ভোট দেওয়ারও আবেদন জানান।বলেন, বিভিন্ন জায়গাতে অশান্তি হচ্ছে। কিন্তু গণতান্ত্রিক অধিকারকে কাজে লাগাতে হবে। শুক্রবারই রাজ্যপাল জানান, ভোটের দিন তিনি রাজভবনে বসে থাকবেন না। সকাল থেকেই রাজভবনের আধিকারিকদের নিয়ে বের হবেন। সেই মতো ভোট শুরু হওয়ার আগেই কথা মতো বেরিয়ে পড়েন রাজ্যপাল। একের পর এক জায়গাতে তিনি যাচ্ছেন। মানুষের সঙ্গে কথা বলে পরিস্থিতি বোঝার চেষ্টা করছেন।

# আমাকে বাঁচান, বুথে ছাপ্পা ভোট চলছে.', সুকান্তর কাছে কাতর আর্জি পুলিশকর্মীর



**দক্ষিণ দিনাজপুর: নিউজ সারাদিন :** ব্যালট বাক্স না খেলনা বাক্স, বোঝা মুশকিল। বুথে বুথে যেভাবে ভোট বাক্স নিয়ে দৌড় মারছেন কেউ কেউ, অনেকেই তাদের 'উসেইন বোল্ট' বলছেন! আবার কোনও বুথে ঢুকেই দেদার ছাপ্পা ভোট চালাচ্ছে দুষ্কৃতীরা। বুথের বাইরে প্রায় 'নীরব দর্শক' হয়ে দাঁড়িয়ে আছেন পুলিশ কর্মীরা।খবর পেয়েই ঘটনাস্থলে পৌঁছন সুকান্ত মজুমদার। তাঁকে দেখতে পেয়েই তাঁর কাছে পৌঁছে যান শিলিগুড়ি কমিশনারেটের এক পুলিশ কর্মী। তিনি বলেন, 'ছাপ্পা ভোট হচ্ছে। আমাকে বাঁচান।' এমনকী দায়িত্ব থেকে তাঁকে মুক্তি দেওয়ার আবেদনও করেন ওই পুলিশ কর্মী।

নির্বাচন কেন্দ্রে কর্তব্যরত শিলিগুড়ি কমিশনারেট পুলিশ সংবাদ মাধ্যমের সামনে জানান, তিনি একা রয়েছেন এই বুথে। তাঁকে ভয় দেখাচ্ছে ছাপ্পা ভোট দিতে আসা দুষ্কৃতীরা বলে অভিযোগ করেন তিনি। এমনকী কর্তব্যরত শিলিগুড়ি কমিশনারেট পুলিশের গায়ে হাত দেওয়ার অভিযোগ করেন তিনি।

তিনি আরও বলেন, তাঁকে প্রাণে মারার হুমকিও দেওয়া হয়েছে। পাশাপাশি, ওই বুথের বিজেপি প্রার্থী অভিযোগ করেন, তাঁদের দলের লোকজনকে মেরে তাড়িয়ে দেওয়া পর ছাপ্পা ভোট দেওয়া হয়েছে বলে অভিযোগ। যদিও এইসব অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল।কেন্দ্রীয় বাহিনী প্রায় নেই বললেই চলে। উত্তর থেকে দক্ষিণ প্রায় একই ছবি। দক্ষিণ দিনাজপুরের গঙ্গারামপুরে এক কর্তব্যরত পুলিশকে দেখা গেল বিজেপি সভাপতি সুকান্ত মজুমদারকে কাছে পেয়ে কাতর গলায় বলছেন, 'আমাকে বাঁচান.'!

শনিবার ভোট শুরু হতেই অন্যান্য জেলায় মতো দক্ষিণ দিনাজপুরেও দফায় দফায় হিংসার ঘটনা ঘটে। গঙ্গারামপুর ব্লকের জয়দেবপুরের ১৭৬ নম্বর বুথে ছাপ্পা দেওয়ার অভিযোগ ওঠে তৃণমূলের বিরুদ্ধে। এই ঘটনাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায় বুথ চত্বরে। অভিযোগ, বুথে কর্মরত পুলিশ কর্মীর উপরও চড়াও হয় ছাপ্পা ভোট দিতে আসা দুষ্কৃতীরা।

# ছাপ্পা ভোট দিলেন খোদ পোলিং অফিসার, অভিষেকের গড়ে এ কোন গণতন্ত্রের উৎসব?

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** গণতন্ত্রের উতসবের চরম নজির দেখলে রাজ্যবাসী। ডায়মন্ড হারবারের এক নম্বর ব্লকের ১৩৭ নম্বর বুথে খোদ পোলিং অফিসারকে দেখা গেল ছাপ্পা ভোট দিতে। এটাই নাকি গণতন্ত্রের উতসব। শাসক দলে সেই দাবি করে থাকে।পঞ্চায়েত ভোটকে কেন্দ্র করে জেলায় জেলায় চরম অশান্তির খবর পাওয়া গিয়েছে। প্রথম চার পাঁচ ঘণ্টা জেলার কোথাও কোনও কেন্দ্রীয় বাহিনী-পুলিশ দেখা যায়নি। রাজ্য নির্বাচন কমিশনার নিজে সকাল ১০টার পরে বুথে এসেছেন। তিনি তার পরে বাহিনী নিয়ে খোঁজ খবর শুরু করেছন। দুপুর ১২টার পর কয়েকটি জেলায় কেন্দ্রীয় বাহিনীকে দেখা গিয়েছে। ততক্ষণে অর্ধেক ভোট শেষ। গোটা রাজ্য জুড়ে সকাল থেকে তাণ্ডব চলছে। দিশেহারা কমিশন। কোথায় কত বাহিনী মোতায়েন হয়ে তা নিয়ে কোনও সুস্পষ্ট ছবি তাঁদের কাছেও নেই।সকাল থেকে ১৫ জনের প্রাণ গিয়েছে একদিনে। জেলায় জেলায় চলছে অশান্তি। খুনোখুনি। বোমাবাজি। ছাপ্পা ভোট। ব্যালট বাক্স লুঠ। কোনও টাই বাদ যায়নি। গণতন্ত্রের উতসব পালনের সব প্রচেষ্টাই চলেছে। সকাল থেকে মুর্শিদাবাদ জেলা তপ্ত হয়ে রয়েছে। লালগোলা, রেজিনগর, রানিনগর, ডোমকলে বুথে বুথে চলেছে ভোট লুঠ। বোমাবাজি। এমনকী ছাপ্পা ভোটও চলেছে। ব্যালট বাক্স নিয়ে বুথ থেকে পালিয়ে যাচ্ছেন রাজনৈতিক কর্মীরা। কোথাও কংগ্রেস তো কোথাও তৃণমূল কংগ্রেস। আতঙ্কে কাঁটা হয়ে রয়েছেন ভোট কর্মীরা।প্রতি বুথে চার জন করে কেন্দ্রীয় বাহিনীর জওয়ান মোতায়েনের নির্দেশ দিয়েছিল আদালত। কিন্তু তার কোনও প্রতিফলন বাস্তবে দেখা যায়নি। যার পরিণতি কী হয়েছে সেটা দেখাই যাচ্ছে। বুথে বুথে ভোট কর্মীদের আটকে রেখে। ভয় দেখিয়ে বোমাবাজি করে ছাপ্পা ভোট দেওয়া হয়েছে। ডায়মন্ড হারবারের ১ নম্বর ব্লকের ১৩৭ নম্বর বুথে পোলিং অফিসার নিজেই ছাপ্পা ভোট দিয়েছেন শাসক দলের হয়ে। ক্যামেরা দেখতেই মুখ লোকান। কিন্তু ছাপ্পা ভোট দেওয়া বন্ধ করেননি।

# রাজ্যে ভোটের দিনই বলি ১৫! তৃণমূল বলল,'উৎসবের মেজাজে ভোট হয়েছে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** হিসাব বলছে রাজ্যে পঞ্চায়েত নির্বাচনে সব মিলিয়ে ১৫ জনের মৃত্যু হয়েছে। শাসক-বিরোধী নির্বিশেষে আক্রান্ত সকলেই। কিন্তু পঞ্চায়েত নির্বাচনে অশান্তির তত্ত্ব কার্যত খারিজ করে দিল তৃণমূল কংগ্রেস। এরাজ্যের শাসকদলের সাফ দাবি, মুষ্টিমেয় কয়েকটি বুথে অশান্তি হয়েছে ঠিকই তবে মোটের উপর উতসবের মেজাজে ভোট হয়েছে।ব্রাত্য বসু আবার প্রশ্ন তুলেছেন বিরোধীদের দ্বিচারিতা নিয়ে। তিনি প্রশ্ন তুলছেন,'দিনহাটায় ব্যালট বাক্সে জল ঢালল কারা? বসিরহাটে ছাপ্পা মারল কারা? নদিয়ায় আমাদের কর্মীকে গুলি করল কারা? বিরোধীরাই সন্ত্রাস করেছে। আবার তাঁরাই কেন্দ্রীয় বাহিনী এনেছে। ওরা চোরকে বলছে চুরি করো। আবার গৃহস্থকে বলছে ধরো।' তৃণমূলের সাফ বক্তব্য, রাজ্যকে গোটা দেশের কাছে বদনাম করার চেষ্টা হচ্ছে। পরাজয় নিশ্চিত জেনে বিজেপি, কংগ্রেস, সিপিএম সম্মিলিতভাবে হিংসা ছড়ানোর চেষ্টা করছে। সেসব সত্ত্বেও মানুষ অবাধে তৃণমূলকে ভোট দিয়েছেন।রাজ্যের মানুষ নির্বিঘ্নে তৃণমূলের পক্ষে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করেছেন।

পঞ্চায়েত নির্বাচন প্রসঙ্গে সাংবাদিক বৈঠকে তৃণমূলের তরফে রাজ্যের মন্ত্রী শশী পাঁজা দাবি করেছেন, 'রাজ্যের ১৪টি জেলায় পুরোপুরি নির্বিঘ্নে এবং উতসবের মেজাজে নির্বাচন হয়েছে। বাকি কয়েকটি জায়গায় কয়েকটি বুথে অশান্তির খবর এসেছে।আমরা একটা মৃত্যুও চাই না। কোনও মৃত্যু কাম্য নয়। কিন্তু যা হিংসা হয়েছে তার বেশিরভাগেই আমাদের কর্মী আক্রান্ত।

তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষের বক্তব্য, 'রাজ্যের ৬১ হাজার বুথ। সব মিলিয়ে ৭-৮টি বুথে মেজর ঝামেলা হয়েছে। আর বাকি কিছু বুথে পাড়ার ঝামেলা। সব মিলিয়ে সংখ্যাটা ষাটের বেশি হবে না। বাকি ৬১ হাজার বুথে নির্বিঘ্ন, উতসবের আমেজে ভোট হয়েছে।' কুণাল ঘোষ বলছেন, 'রাজ্যের বিরোধীরা আসলে হিংসার কারবার করতে চাইছে। বিজেপির দুই ভাই, সিপিএম এবং কংগ্রেস ,তাঁদের সঙ্গে আইএসএফ ল্যাজুড় জুড়েছে। এরা কিছু কিছু জায়গায় উদ্দেশ্যপ্রণোদিতভাবে হিংসা ছড়াচ্ছে। হিংসার মার্কেটিং করছে বিরোধীরা। যাতে বাংলাকে বদনাম করা যায়। বাংলার নামে কুতসা করা যায়।'

# মোদীর নেতৃত্বাধীন 'নিউ ইন্ডিয়ার' সাফল্যের খতিয়ান তুলে ধরলেন যোগী

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ২৪ সালে দেশে লোকসভা ভোট, নরেন্দ্র মোদী সরকারের কাছে বড় পরীক্ষা। রাজনৈতিক বিশ্লেষকরা বলেন উত্তর প্রদেশ যার, দিল্লি তাঁর। অর্থ্যাত দিল্লির কুর্সিতে বসতে হলে উত্তর প্রদেশের পথ ধরেই আসতে হবে। কারণ এই রাজ্যেই রয়েছে সবথেকে বেশি লোকসভা আসন। লোকসভা ভোট হতে এখনও এক বছর সময় বাকি, কিন্তু এখন খেকেই ভোটারদের আস্থা অর্জনে সচেষ্ট বিজেপি।যোগী তাঁর বক্তব্যে বলেন, '২০১৯ সালে কুম্ভ মেলাকে ইউনেস্কো হেরিটেজের তকমা দিয়েছে। কাশী বিশ্বনাথ মন্দির, কেদারনাথ মন্দির, উজ্জয়িনীর মহাকাল মন্দিরের সংস্কার হয়েছে। এক বছরের মধ্যে অযোধ্যাতে রাম মন্দিরও তৈরি হয়ে যাবে।' মোদীর নেতৃত্বে উত্তর-পূর্ব ভারতের চিকিতসা পরিকাঠামোর যে উন্নতি হয়েছে তারও খতিয়ান তুলে ধরেন যোগী।

দুটি বন্দে ভারত ট্রেনের সূচনা করেন প্রধানমন্ত্রী। গোরক্ষপুর-লখনউ ও যোধপুর-আমেদাবাদের মধ্যে সংযোগকারী এই দুই বন্দে ভারত। গোরক্ষপুর রেল স্টেশন পুনরায় উন্নয়নের শিলান্যাস করেন তিনি।গোবলয়ের এই বৃহত রাজ্যে বিজেপির মুখ অবশ্যই মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং কেন্দ্রের বিজেপি সরকারের ৯ বছরের কাজের খতিয়ান তুলে ধরলেন আদিত্যনাথ। গীতা প্রেসের শতবর্ষের অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসাবে অংশ নেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সঙ্গে ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রীও। মোদী বলেন, গীতা প্রেস হল বিশ্বের একমাত্র ছাপাখানা যেটা শুধু কোনও সংস্থা নয়, এটা হল একটা বিশ্বাস। এটা কোটি মানুষের কাছে একটা মন্দির। নরেন্দ্র মোদীর কথায়, গীতা প্রেস শতবর্ষ পার করেছে। আমাদের সরকার গান্ধী শান্তি পুরস্কার দিয়েছে গীতা প্রেসকে। গান্ধীজিরও এই গীতাপ্রেসের প্রতি আবেগ ছিল।

উল্লেখ্য, গোরক্ষপুরে ১৯২৩ সালে তৈরি হয়েছিল এই গীতা প্রেস। গান্ধী শান্তি পুরস্কার ২০২১এর জন্য বিবেচিত হয়েছিল এই গীতা প্রেস।

নিজের বক্তব্যে প্রথম থেকেই কেন্দ্রের সরকার এবং নরেন্দ্র মোদীর প্রশংসা করেন যোগী আদিত্যনাথ। তাঁর কথায়, 'প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে নিউ ইন্ডিয়া এগিয়ে চলেছে। বিশ্বের অন্যতম বৃহত শক্তিতে পরিণত হয়েছে।' মোদীকে ভারত মাতার মহান সন্তান বলেও উল্লেখ করেন যোগী।

# মাঠে নেমে কৃষকদের পাশে রাহুল, আবারও সেই 'ভারত জোড়ো'র বার্তা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারত-জোড়ো যাত্রার সময় রাহুল গান্ধীকে দেখে অনেকেরই মনে এই ভাবনা জেগেছিল। সারা দেশ ঘুরে ঘৃণার বিরুদ্ধে ভালবাসার বার্তা দিয়েছিলেন রাহুল। আবারও সেই বার্তা যেন ছড়িয়ে দিলেন কংগ্রেস নেতা। কৃষকদের পাশে দাঁড়িয়ে, তাঁদের সঙ্গে কাজ করেই যেন বোঝালেন, 'আমি তোমাদেরই লোক.' ।ভারত-জোড়ো'র লক্ষ্য রাহুলের দীর্ঘদিনের। নিছক এক রাজনৈতিক কর্মসূচির মধ্যে সেই যাত্রাকে তিনি আবদ্ধ রাখতে চাননি। যদিও রাহুলের মতো ররাজনীতিবিদের কাজ রাজনৈতিক পরিসরের বাইরে নয়। তবু রাহুল বার্তা দিতে চেয়েছিলেন, রাজনীতির বাইরে বেরিয়ে সকলকে ভালবাসার। সকলকে কাছে টানার। ঘৃণা, পারস্পরিক বিদ্বেষ সমাজকে টুকরো করেছে। তার বিপক্ষেই ছিল রাহুলের পদযাত্রা। সে যাত্রায় সফল হয়েছিল রাহুলের উদ্দেশ্য। বহু মানুষের সমর্থন তিনি পেয়েছিলেন। যার ফলাফল খানিকটা ভোটের ময়দানে গিয়েও পড়েছে বলে মনে করে কংগ্রেস নেতৃত্ব। আপাতত ভারত-জোড়ো যাত্রা না-হলেও রাহুল কিন্তু তাঁর সেই প্রচেষ্টা চালিয়েই যাচ্ছেন। কৃষক, শ্রমিক থেকে নানা স্তরের মানুষের সঙ্গে মিশে গিয়েই ভেঙে দিতে চাইছেন নেতা ও সাধারণ মানুষের ভিতরকার ব্যবধান। অর্থাত ভারত-জোড়ো যাত্রা বন্ধ থাকলেও ভালবসা ফেরির এই বার্তা দেওয়া কিন্তু তিনি বন্ধ করেননি। বিশেষজ্ঞরা বলেন, ভারতবর্ষ নাকি দুরকম। একটা, সাধারণ মানুষের 'ভারত', আর একটি অভিজাত শ্রেণির 'ইন্ডিয়া'।রাহুল যেন সেই দুই ভারতকেই জুড়ছেন তাঁর কাজে। হতে পারে, ২০২৪-এর নির্বাচনই তাঁর পাখির চোখ। তবে নির্বাচনকে সামনে রেখেও যদি দেশের ভিতরকার এই ব্যবধান খানিক কমানো যায়, তাহলেই বা মন্দ কী!হিমাচল প্রদেশে যাচ্ছিলেন রাহুল গান্ধী। যাওয়ার পথে দেখেন, মাঠে কৃষকরা কাজ করছেন। বর্ষার মরশুমে যেমন চাষাবাদ হয়, সেই কাজেই ব্যস্ত তাঁরা। দেখেই গাড়ি থেকে নেমে পড়েন কংগ্রেস নেতা। এগিয়ে যান খেতের দিকে। নেমেও পড়েন কাদা-জলে। সেখানে দাঁড়িয়ে কথা বলেন কৃষকদের সঙ্গে। খানিকক্ষণ কাজও করেন তাঁদের সঙ্গে। এমনকী ট্র্যাক্টর চালাতেও দেখা যায় রাহুলকে। স্বভাবতই রাহুলকে নিজেদের মধ্যে এভাবে পেয়ে যেমন অবাক, তেমনই খুশি হন কৃষকরা। এই দিন কয়েক আগে আরও একটি কাজ করেছিলেন রাহুল গান্ধী। পৌঁছে গিয়েছিলেন দিল্লির করোল বাগের একটি বাইক মেকানিক ওয়ার্কশপে। বিগড়ে যাওয়া একটা বাইক সারানোর কাজেও হাত লাগাতে দেখা যায় তাঁকে। সমাজের সব স্তরের মানুষের সঙ্গে মিশে যাওয়ার মধ্যেই লুকিয়ে আছে রাহুলের স্পষ্ট রাজনৈতিক বার্তা।

ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ১৮৮ সংখ্যা ০৯ জুলাই, ২০২৩ রবিবার ২৩ আষাঢ়, ১৪৩০

## সম্পাদকীয়

# সন্ত্রাসের সব দায় কেন্দ্রীয় বাহিনীর, অভিযোগ রাজীবের

রক্তাক্ত পঞ্চায়েত নির্বাচন। বেলা যত গড়িয়েছে ততই বেড়েছে মৃতের সংখ্যা। রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহা এক্সক্লুসিভ সাক্ষাতকারে নিউজ এইট্টিন বাংলাকে জানিয়েছেন, 'ফিল্ড থেকে যে রিপোর্ট আসছে সেই অনুযায়ী পদক্ষেপ করছি। এখনও পর্যন্ত ১৩০০ অভিযোগ জমা পড়েছে। ৬০০-র মতো অভিযোগের আমরা সমাধান করেছি।দুপুর তিনটে পর্যন্ত রাজ্যে নির্বাচনী সন্ত্রাসে অন্তত ১৪ জনের মৃত্যুর খবর মিলেছে। যদিও রাজীব সিনহার দাবি, ভোট চলাকালীন মাত্র তিন জনের মৃত্যু হয়েছে। অভিযোগ করা হয়েছে, কেউ কেউ ব্যালট বাক্স নিয়ে পালিয়ে গিয়েছে আবার অনেক জায়গায় দেদার ছাপ্পা পড়েছে। নির্বাচন কমিশনারের অবশ্য দাবি, 'আইনশৃঙ্খলা রাজ্যের হাতে, যেখানে যেখানে অভিযোগ আসছে আমরা সেখানে সমাধান করার চেষ্টা করছি। পুলিশ স্বতঃস্ফূর্ত ভাবে এই মামলাগুলির তদন্ত করছে। আমরা কেন্দ্রীয় বাহিনীর প্রধানদের সঙ্গে এই বিষয়গুলি নিয়ে আলোচনা করেছি। কোথায় কোথায় গন্ডগোল হয়েছে তার সমাধান সূত্র বের করার জন্য।গতকাল রাত পর্যন্ত যে কেন্দ্রীয় বাহিনী রাজ্যে এসে পৌঁছেছে, তাদের মোতায়েন করা হয়ে গিয়েছে। আগামিকাল এই নির্বাচনের স্ক্রুটিনি হবে । এই স্ক্রুটিনি প্রক্রিয়ার মধ্যে রিটার্নিং অফিসাররা থাকবেন। এই ভোট প্রক্রিয়ার সঙ্গে যে সমস্ত কার্যকলাপ যুক্ত আছে সবটাই আলোচনায় তুলে ধরা হবে। উত্তর ২৪ পরগণা এবং দক্ষিণ ২৪ পরগণা, কোচবিহার, মুর্শিদাবাদ এই কয়েকটি জেলাতে গন্ডগোল হয়েছে।' বরং অশান্তির দায় কেন্দ্রীয় বাহিনীর উপরেই চাপিয়েছেন রাজ্য নির্বাচন কমিশনার। অভিযোগ করেছেন, সময় মতো কেন্দ্রীয় বাহিনী না আসার কারণেই অশান্তি বেড়েছে।

# গুলি করুক, চলো কালীঘাট, ইটগুলো খুলে নিয়ে আসি'

**কলকাতা : নিউজ সারাদিন :** 'বাংলায় পঞ্চায়েত ভোটে 'রাক্ষসতন্ত্রে'র উদযাপন চলছে' । ভোট সন্ত্রাস নিয়ে সকালে এমনই তীক্ষ্ণ ভাষায় রাজ্যের শাসকদলকে আক্রমণ করেছিলেন রাজ্যের বিরোধী দলনেতা । বেলা যত গড়াতে থাকে, বাড়তে থাকে ভোট অশান্তি। সেই সঙ্গে বাড়তে থাকে মৃতের সংখ্যা।

ভোটের দিন সকাল থেকেই উত্তপ্ত রাজ্য রাজনীতি। ভোট শুরুর কয়েকঘণ্টা আগে থেকেই জেলায় জেলায় শুরু হয়ে যায় বুলেটের দাপট। এই পরিস্থিতিতে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তীক্ষ্ণ ভাষায় আক্রমণ করেন রাজ্যের শাসকদলকে। বিরোধী দলনেতার টুইটে লেখেন, ' মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাড়াটে খুনি রাজীব সিন্হা তাঁর পরিকল্পনা কার্যকর করছেন। এটাই তাঁদের গণতান্ত্রিক মডেল।'পরিস্থিতিতে রাজ্য সরকারকে আরো কড়া বার্তা দিয়েছেন শুভেন্দু অধিকারী।

**'কালীঘাট চলো', ডাক**

তিনি বলেন, বাংলাজুড়ে ভোট-সন্ত্রাস চলছে। এই পরিস্থিতিতে 'কালীঘাট চলো', ডাক দেন শুভেন্দু অধিকারী। রাজ্যের বিরোধী দলনেতা বলেন, 'গুলি করুক, চলো কালীঘাট, ইটগুলো খুলে নিয়ে আসি'। শুভেন্দুর দাবি, ৩৫৬ অথবা ৩৫৫ জারি করা হোক ! 'বাংলাকে বাঁচাতে, গণতন্ত্রকে বাঁচাতে যা করতে হয় করব', হুঙ্কার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর। তিনি আরও বলেন, ' এখানে মানুষের গণতান্ত্রিক অধিকার রক্ষা করতে হলে ৩৫৬ অথবা নির্বাচনের সময় ৩৫৫ করে যদি অ্যাডমিনিস্ট্রেশনকে ইমপার্শিয়াল বা নিউট্রাল না করেন, তাহলে পশ্চিমবঙ্গে কোনও ভোট হতে পারে না। 'তাঁর অভিযোগ, ট মানুষকে বলব, আজ যা যা হচ্ছে সব নোট করুন। কারণ কোর্ট মনিটর্ড নির্বাচন। কোর্টের অর্ডার মানেনি। কোর্ট বলেছিল, সিভিক ভলান্টিয়ার না লাগাতে। এরা লাগিয়েছে। কোর্ট বলেছিল, কনট্র্যাকচুয়ালদের ফার্স্ট, সেকেন্ড, থার্ড পোলিং করতে না, এরা প্রিসাইডিং পর্যন্ত করেছে। কোর্ট বলেছিল সিসিটিভি মনিটরিং করতে, যেখানে সিসিটিভি পাওয়া যাবে না, ভিডিওগ্রাফি করতে, সেটাও করেনি।'

ফের একবার এক দফায় ভোট নিয়ে উষ্মাপ্রকাশ করেন শুভেন্দু। বলেন, কোর্ট বলেছিল, 'আনুপাতিক হারে কেন্দ্রীয় পুলিশ ও রাজ্য পুলিশ রাখতে হবে। যখন আনুপাতিক হারে একদিনে হয়নি, তখন ৩ দফায় করা উচিত ছিল।'

## ন্যায় কর্মফল দাতা শনি দেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কোনও নারী-পুরুষের অত্যন্ত কষ্টকর মৃত্যুযোগ থাকলে ভগবান সূর্যপুত্র হরিণে চড়ে আসেন। দেহ থেকে প্রাণবায়ু নির্গত হয় সীমাহীন কষ্টভোগের মাধ্যমে।

ছায়ানন্দনের কুকুরের পিঠে চড়ে বাড়িতে আগমন ঘটলে সেই সময় গৃহে নানান রকমের অশান্তি ও ভয়ভীতির সৃষ্টি হয়। একই সঙ্গে হয় চুরি। ক্রমশঃ

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ভোট লুঠ করতে এসে গ্রামবাসীদের ক্ষোভের মুখে দুষ্কৃতীরা!

# বেঁধে বেধড়ক মার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পঞ্চায়েত ভোটকে কেন্দ্র করে শনিবার দিনভর বাংলায় হিংসার ঘটনা ঘটেছে। গুলি, বোমাবাজি তো চলছেই, সেইসঙ্গে বুথে বুথে ভোট লুঠের ছবিও সামনে আসছে। কোথাও ভোট বাক্স নিয়ে দৌড় মারছেন কেউ, কোথাও আবার ব্যালট বাক্স তুলে পুকুরে ফেলে দেওয়া হচ্ছে, কোথাও আবার ব্যালট পেপারই পুড়িয়ে ফেলা হচ্ছে।শুধু নদিয়া নয়, দুর্গাপুরের কাঁকসা ও উত্তর ২৪ পরগনার হাসনাবাদেও একই ঘটনার ছবি দেখা গেল। ভোট লুঠ করতে আসা দুষ্কৃতীদের আটকে দিলেন স্থানীয়রা।

সাধারণ মানুষের অভিযোগ, বেশিরভাগ জায়গাতেই কেন্দ্রীয় বাহিনীর দেখা নেই। কোথাও কোথাও আবার পুলিশ থাকলেও তাঁরা কোনও পদক্ষেপ করছে না। নীরব দর্শকের ভূমিকা নিয়েছে পুলিশ, এমন অভিযোগও উঠছে। রাজনৈতিক পর্যবেক্ষকদের মতে, তেইশের পঞ্চায়েত নির্বাচনেও পাল্টালো না বাংলার চেনা ছবি।দেদার ছাপ্পা ভোটের ঘটনাও ঘটছে। কাঠগড়ায় তৃণমূল, বিজেপি, কংগ্রেস, সিপিএম, প্রায় সব দলই। এমন আবহে নদিয়ার এক বুথে ভোট লুঠ করতে আসা দুষ্কৃতীদের রুখে দিলেন গ্রামবাসীরাই!

নদিয়ার চাপড়ার মহেশনগর এলাকার এক বুথে ভোটগ্রহণকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। দুপুর গড়াতেই ওই বুথে হামলা করে একদল দুষ্কৃতী। সেই দলে ছিল কমপক্ষে ৩০ জন। অভিযোগ, এরা সকলেই তৃণমূল করে। বুথে ঢুকে ব্যালট বাক্স ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে দুষ্কৃতীরা। তারপর বাইকে চেপে পালিয়ে যাওয়ার চেষ্টা করতেই গ্রামবাসীরা রুখে দাঁড়ান। বাইক থেকে নামিয়ে দুষ্কৃতীদের মারধর শুরু করেন তাঁরা। দুষ্কৃতীদের মধ্যে প্রায় সবাই পালিয়ে যেতে পারলেও একজন পার পেল না। উত্তেজিত জনতা ওই ব্যক্তিকে গাছের সঙ্গে বেঁধে বেধড়ক মারধর করেন। রক্তাক্ত অবস্থায় বেঁধে রাখা হয় তাকে। পরে পুলিশ এসে তাকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয়।

# শুভেন্দু নির্বাচন কমিশনের অফিসের মেন গেটে তালা লাগিয়ে দিলেন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুপুরেই হুঁশিয়ারি দিয়েছিলেন, নন্দীগ্রাম থেকে কমিশনের অফিসে আসছেন তিনি। একটা হেস্তনেস্ত করেই ছাড়বেন। সেই মতোই শনিবার সন্ধ্যা সাড়ে সাতটা নাগাদ নির্বাচন কমিশনের অফিসে এসে পৌঁছান বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী । শুধু তাই নয়, একতলায় রাজীব সিনহার ঘরে বেশ কিছুক্ষণ চিতকার চেঁচামেচির পর কমিশনের মূল ফটকে তালা মেরে দিলেন শুভেন্দু।তুমুল বাদানুবাদের পর শুভেন্দুরা একতলায় রাজীব সিনহার ঘরে এসে পৌঁছন। ঘরের ভিতর থেকে তুমুল চিতকার-চেঁচামেচি ভেসে আসছিল বলে সূত্রের খবর।

তারপরেই ঘর থেকে বেরিয়ে কমিশনের মেন গেটে তালা মেরে দেন শুভেন্দু। সেই নিয়ে তুমুল হইচই শুরু হয়। যদিও তালা লাগানোর এক মিনিটের মধ্যেই সেই তালা খুলে ফেলেছে পুলিশ, এমনটাই সূত্রের খবর।

শুভেন্দু এদিন সকাল থেকে তাঁর নির্বাচন কেন্দ্র নন্দীগ্রামে ছিলেন। সেখানে ভোটও দিয়েছেন। তার পর সাংবাদিকদের জানিয়েছেন, তিনি দুপুরের পর কলকাতার উদ্দেশে রওনা হবেন।

নির্বাচন কমিশনের আশঙ্কা ছিল, রাজ্য নির্বাচন কমিশনের দফতর ঘেরাও করতে পারে বিজেপি। তার নেতৃত্ব দিতে পারেন শুভেন্দু অধিকারী। শেষমেশ সেই আশঙ্কাই সত্যি হল। এরপর বিরোধী দলনেতা কী পদক্ষেপ নিতে চলেছেন সেদিকেই তাকিয়ে রাজনৈতিক মহল।পঞ্চায়েত নির্বাচনের ভোটগ্রহণ পর্ব শেষ হয়েছে ইতিমধ্যেই। কিন্তু তারমধ্যেই রাজ্যজুড়ে প্রবল হিংসাত্মক হামলা, অশান্তি, বোমাবাজির খবর পাওয়া গেছে। ইতিমধ্যে ১৫ জনের মৃত্যুর খবর মিলেছে। এদিন দুপুরেই রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহাকে ফোন করে হুঁশিয়ারি দিয়েছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সেই মতোই নন্দীগ্রামে সাংবাদিক বৈঠক শেষে নির্বাচন কমিশনের অফিসে এসে হাজির হন শুভেন্দু ও তাঁর দলবল।

এদিন দফতরে ঢুকেই স্লোগান তোলেন শুভেন্দুরা। প্রথমে কমিশনের অফিসের দোতলায় উঠে যান বিরোধী দলনেতা ও তাঁর সঙ্গীরা। সেখানে গিয়ে কনফারেন্স রুমের দরজায় ধাক্কা দিতে শুরু করেন। পরে পুলিশ তাঁদের জানান, রাজীব সিনহার ঘর এক তলায়। এরপরেই মেজাজ হারান শুভেন্দু।

চিৎকার করে বলতে থাকেন, আগে থেকে বলেননি কেন? ইয়ার্কি মারছেন? আপনার মমতার বেতন পান না। সরকারের পান।

# ভোট সংঘর্ষে মুর্শিদাবাদেই আহত প্রায় দু'শো,

# জেলা হাসপাতালে বাড়ানো হল শয্যার সংখ্যা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নির্বাচন ঘিরে শনিবার সকাল থেকেই গন্ডগোল রাজ্যের বিভিন্ন এলাকায়। মুর্শিদাবাদের একাধিক জায়গায় ঘটেছে সংঘর্ষের ঘটনা। হয়েছে মৃত্যুও। সেই আবহে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজে বাড়ানো হল শয্যার সংখ্যা। এমনটাই জানা গিয়েছে হাসপাতাল সূত্রে। বিষয়টি মেনে নিয়েছেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকও।এই পরিস্থিতিতে অনেক আহতকেই জেলার বিভিন্ন হাসপাতাল থেকে স্থানান্তরিত করানো হচ্ছে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজে। ফলে চাপ বাড়ছে জেলা হাসপাতালে। এই পরিস্থিতিতে হাসপাতালের শয্যার সংখ্যা বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন মুর্শিদাবাদ মেডিকেল কলেজ কর্তৃপক্ষ। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, এই পরিস্থিতিতে বাড়তি গদি কিনে শয্যা বাড়ানো হয়েছে। মুর্শিদাবাদ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক সন্দীপ সান্যাল বলেন, "শুধুমাত্র মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজই নয়, বিভিন্ন জায়গায় আহতের সংখ্যা বেড়ে গিয়েছে। তাই কিছু কিছু জায়গায় শয্যার সংখ্যা বাড়ানো হচ্ছে।"ভোটের দিনের সংঘর্ষে শনিবার সন্ধ্যা পর্যন্ত রাজ্যে মৃত্যু হয়েছে ১৩ জনের। ভোট সংঘর্ষে হতাহতের ঘটনা ঘটেছে মুর্শিদাবাদেও। শুধু ওই জেলাতেই মারা গিয়েছেন চার জন। আবার শুক্রবার রাত থেকে শনিবার ভোটের দিন দুপুর পর্যন্ত ধরলে ওই জেলায় পাঁচ জন খুন হয়েছেন। যা রাজ্যের মধ্যে সর্বাধিক। একই সঙ্গে সংঘর্ষের ঘটনায় আহতও হয়েছেন অনেকে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, শনিবার সন্ধ্যা পর্যন্ত কেবলমাত্র মুর্শিদাবাদ জেলাতেই নির্বাচনী সংঘর্ষে জখম হয়েছেন প্রায় ২০০ জন। তাঁদের কারও জখম বোমার আঘাতে। কেউ বা গুলিবিদ্ধ। কেউ আবার ইট-পাথর, লাঠি অথবা ধারালো অস্ত্রের আঘাতে আহত হয়েছেন।



খড়গপুর লোকাল, শিখরপারি ভোটগ্রহণ কেন্দ্র সিভিক ভলেন্টিয়ার্স

# সিনেমার খবর

cinema TV

## বিদ্যা বালান নিজেকে অপছন্দ করতেন কেন?



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বলিউডের অন্দরমহল নিয়ে স্পষ্ট মন্তব্য করতে জুড়ি নেই বিদ্যা বালানের। কঙ্গনা রানাওয়াতের মতো বিতর্ক সৃষ্টি করেন না ঠিকই, তবে কাস্টিং কাউচ নিয়ে স্পষ্ট ইঙ্গিত দিয়েছেন একাধিকবার। যার শিকার হয়েছেন অভিনেত্রী নিজেও। তথাকথিত অভিনেত্রীর যে সংজ্ঞা সাধারণ মানুষের মস্তিষ্কে গেঁথেছিল তা হলো- দেখতে সুন্দর, ফর্সা, স্লিম, লম্বা, টিকালো নাক বিশিষ্ট নারী। যদিও বিদ্যা বালান ক্যারিয়ার যখন শুরু করেছিলেন এর অধিকাংশ বৈশিষ্ট্যই তার মধ্যে ছিল। একটা সময়ের পর তার স্বাস্থ্য বাড়তে থাকে। যা নিয়ে বলিউডে বিভিন্ন সময় কটাক্ষের শিকার হতে হয়েছে অভিনেত্রীকে।

তবে প্রথম থেকেই এই লড়াকু মানসিকতা তার ছিল না। যার ফলে একটা সময় নিজেকেই নিজে ঘৃণা করতেন বিদ্যা বালান। আয়নার সামনে দাঁড়িয়ে নিজের চেহারা দেখতে মোটেই তার পছন্দ হতো না। তিনি নিজেই নিজেকে বিচার করা শুরু করেছিলেন। যদিও এই মানসিক যন্ত্রণা খুব বেশিদিন ভোগ করতে হয়নি তাকে। একটা সময়ের পর তিনি প্রমাণ করেছিলেন এই চেহারা নিয়ে তিনি একাই একটি ছবিকে টেনে নিয়ে যেতে পারেন। তার ছবি চলার জন্য তথাকথিত কোনো হিরোর প্রয়োজন হয় না। আর এখন তিনি প্লাস সাইজ নিয়ে বেজায় খুশি।

সবাইকে একবাক্যে উপদেশ দিয়ে থাকেন, নিজের শরীর সুস্থ রাখাটা জরুরি। কেমন দেখতে লাগছে, শরীরের গঠন কেমন, তার থেকে অনেক বেশি প্রয়োজন ভেতর থেকে ভালো থাকা। যদি কেউ ভেতর থেকে সুস্থ থাকে তবে তিনি মোটা হন কিংবা চিকন, কোনো কিছুতেই প্রভাব ফেলে না। কেবল মুখে নয়, নিজের কাজ দিয়ে এ সত্য প্রমাণ করে দিয়েছেন বিদ্যা বালান।

একবার খোদ সালমান খানই তাকে কটাক্ষ করেছিলেন। তাকে নিয়ে সিনে দুনিয়াতেও ট্রোল হয়েছে নিত্য। আজ সেসব অতীত। বর্তমানে চুটিয়ে কাজ করছেন অভিনেত্রী। একের পর এক ছবি মুক্তি পাচ্ছে তার। আর বক্স অফিসে অন্যান্যদের টেক্কা দিয়ে ঝড়ের গতিতে এগিয়ে যাচ্ছেন তিনি। তার ছবিতে তিনি একাই একশো। যে কারণে এখন বিদ্যা বালান এক অনুপ্রেরণার নাম।

## পোস্ট করতেই ভাইরাল রুক্মিণীর ছবি



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** টলিউডের ব্যস্ত নায়িকা রুক্মিণী মৈত্র। একের পর এক বড় প্রজেক্টে কাজ, অভিনয়, সৌন্দর্য সবকিছু দিয়েই আলোচনায় থাকেন বছরভর। ব্যোমকেশ ও দুর্গ রহস্য ছবিতে সত্যবতীর ভূমিকায় দেখা যাবে তাকে। এরই মধ্যে প্রকাশ্যেও এসেছে তার লুক। আর তা দেখামাত্রই ভক্তরা ভালোবাসায় ভরিয়ে দিয়েছে পোস্ট। অভিনেতা জিৎ এর আগামী ছবির অভিনেত্রীও রুক্মিণী। জিতের পরবর্তী ছবিতে জুটি বাঁধছেন তিনি। ফলে টলিউডে দেখা যাবে এবার নতুন সমীকরণ। রুক্মিণীর সোশ্যাল মিডিয়ায় চোখ রাখলে এমনই নানা পোস্ট ভক্তদের জন্য অপেক্ষায় থাকে।

বর্তমানে খুব একটা ঘনঘন পোস্ট করতে দেখা যাচ্ছে না রুক্মিণীকে। সদ্য যে ছবি পোস্ট করলেন, তা দেখে বেশ মজা পেল নেট দুনিয়া। কী হয়েছে তার মুখে! না, চিন্তার কোনো কারণ নেই, গোটা মুখ জুড়ে থাকা ইমোজিতে ভর্তি। নানা রকম ফলের ইমোজি মুখের বসিয়ে সেলফি তুলেন রুক্মিণী। ঠোঁটের কোণে হালকা হাসি। তার এই পোস্ট দেখে ভালবাসার ভরালেন ভক্তরা।

এবার জিতের সঙ্গে পরবর্তী ছবির কাজের হাত দেবেন রুক্মিণী। টলিউডে মাত্র ৬ বছরই যে জায়গা করে নিয়েছেন অভিনেত্রী তা এক কথায় বেশ প্রশংসনীয়। তবে কেবল ছবি নিয়েই নয়, পাশাপাশি দেবের সঙ্গে বিজ্ঞাপনেও হাজির হচ্ছেন তিনি। টলিউড থেকে বলিউড, একের পর এক ছবিতে দেখা গিয়েছে তাকে। বিদ্যুৎ জামালের সঙ্গে সনক ছবিতে দেখা গিয়েছিল।

## এবার আলিয়া বললেন, 'খেলা হবে'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** রাজনীতির মাঠ পেরিয়ে এবার বলিউড মঞ্চে 'খেলা হবে' সংলাপ। তাও আবার বলিউডের প্রথম সারির অভিনেত্রী আলিয়া ভাটের মুখে। অভিনেত্রীর বলা এমন সংলাপ রীতিমতো ঝড় তুলেছে দুই বাংলায়। কারণ, এই শব্দবন্ধ যে বাঙালিদের মুখেই প্রথম জনপ্রিয়তা পেয়েছিল।

রাজনৈতিক প্রতিপক্ষকে মোকাবেলায় নারায়ণগঞ্জের আওয়ামী লীগ সংসদ সদস্য এ কে এম শামীম ওসমান প্রথম 'খেলা হবে' স্লোগানটি তুলেছিলেন। এরপর সেটি পৌঁছে যায় ভারতের পশ্চিমবঙ্গে। ২০২১ সালের বিধানসভা নির্বাচনে মমতা বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল কংগ্রেস 'খেলা হবে' স্লোগানটি অনানুষ্ঠানিক নির্বাচনী স্লোগান হিসেবে ব্যবহার করে। এ নিয়ে গানও হয় তখন।



'খেলা হবে' বলে কাকে চ্যালেঞ্জ ছুড়ে দিলেন আলিয়া? গতকাল (মঙ্গলবার) প্রকাশ পায় করণ জোহরের রকি অউর রানি কি প্রেম কাহানি'র ট্রেলার। যেখানে ছবির প্রধান দুই চরিত্রে অভিনয় করেছেন রণবীর সিং ও আলিয়া ভাট। 'গলি বয়'-এর পর দ্বিতীয়বারের মতো জুটি বাঁধলেন তারা। ৩ মিনিট ২১ সেকেন্ডের ট্রেলারের ২ মিনিট ২৫ সেকেন্ডের মাথায় আলিয়া ভাটকে বলতে শোনা যায়, 'খেলা হবে'। প্রায় বাঙালি উচ্চারণেই শব্দবন্ধটি শোনা গেল গুজরাটি বাবা আর কাশ্মিরি মায়ের মেয়ে আলিয়ার কণ্ঠে, যার বেড়ে ওঠা ব্রিটেনে।

'রকি অউর রানি কি প্রেম কাহানি' সিনেমায় আলিয়ার চরিত্রটি বাঙালি নারীর। হবু শ্বশুরবাড়ির কাউকে চ্যালেঞ্জ করে তিনি যখন 'খেলা হবে' বলছিলেন, তখন তার পরনে ছিল পুরোপুরি বাঙালি সাজ।

রণবীর-আলিয়া ছাড়াও এই ছবিতে রয়েছেন ধর্মেন্দ্র, জয়া বচ্চন, শাবানা আজমি, চূর্ণী গাঙ্গুলী, টোটা রায় চৌধুরী, শাশ্বত চট্টোপাধ্যায়ের মতো অভিনয়শিল্পীরা। ২৮ জুলাই মুক্তি পাওয়ার কথা সিনেমাটি।

## সিনেমা ছেড়ে নতুন ব্যবসার পরিকল্পনা অজয় দেবগনের?



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** অভিনয়ের পাশাপাশি অনেক আগেই প্রযোজনা সংস্থা খুলেছেন অজয় দেবগন। পরিচালক হয়ে তৈরিও করেছিলেন ছবি। আর এবার হঠাৎ করেই মুম্বাইয়ে কয়েকটি অফিস কিনেছেন অভিনেতা। সূত্র বলছে, সব মিলিয়ে অফিসগুলোর জায়গার দাম পড়েছে প্রায় ৪৬ কোটি টাকা।

খবর অনুযায়ী, অজয় দেবগন মুম্বাইয়ের ওশিওয়ারা এলাকার সিগনেচার নামক বহুতলের ১৬তলায় দুটি অফিস ঘর কিনেছেন। যার মূল্য প্রায় ৩০.৩৫ কোটি। স্ট্যাম্প ডিউটি হিসেবে ১.৮২ কোটি দেওয়া হয়েছে বলে জানা গেছে।

শুধু ১৬তলায় নয়, এর পাশাপাশি ওই একই বহুতলে ১৭তলায় আরও দু'টি অফিস ইউনিট কিনেছেন। যা ৪ হাজার ৮৯৩ বর্গফুট। এটি কিনতে অজয়ের খরচ হয়েছে ১৪.৭৪ কোটি টাকা।

কয়েক মাসে আগে মুক্তি পেয়েছিল অজয়ের ভোলা ছবি। বক্স অফিসে ভাল ব্যবসা করতে পারেনি 'ভোলা'। তবে অভিনয় থেকে বিরতি নিতে চলেছেন অজয়? অফিস কেনার খবর ছড়িয়ে পড়তেই উঠছে প্রশ্ন।

## জয়ে রিবাকিনার

# উইম্বলডন শুরু



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** উইম্বলডন চ্যাম্পিয়নশিপে ৪ জুলাই শিবলি রজার্সের বিপক্ষে লড়াই করেন র‍্যাঙ্কিংয়ের তিনে থাকা তারকা এলিনা রিবাকিনা।

১-১ সমতার দুই সেট শেষে তিনি টাইব্রেকে ২-১ সেট ব্যবধানে জয় নিশ্চিত করেন। দিনের আরেক ম্যাচে জিরেমি চার্ডির বিপক্ষে ৩-০ সেটের জয় নিয়ে মাঠ ছাড়েন কার্লোস আলকারাজ।

মঙ্গলবার বিকাল ৪টায় শুরু হওয়া ম্যাচগুলো বৃষ্টির কারণে পরিত্যক্ত ঘোষণা করা হয়।

শিবলির বিপক্ষে কোর্টে নামার শুরু থেকেই হিমশিম খাওয়া শুরু করেন রিবাকিনা। প্রথম দিকেই তিনি পিছিয়ে পড়তে শুরু করেন। সেটের শুরুতে শিবলি এগিয়ে যান ২-০ পয়েন্ট ব্যবধানে।

এরপর লড়াই চালিয়ে সমতায় ফেরার চেষ্টা করেন রিবাকিনা। যার ফলে সেট দাড়ায় ২-১ ব্যবধানে। এরপর ফের ৩-১ ব্যবধানে এগিয়ে যান শিবলি রজার্স।

এরপর সমানে সমানে লড়াই করে ব্যবধান ৪-৩ এ কমিয়ে আনেন রিবাকিনা। প্রথম সেটে ৬-৪ ব্যবধানে হেরে যাওয়া এই তারকা দ্বিতীয় সেটে জয় তুলে নেন ৬-১ ব্যবধানে। যার ফলে ম্যাচ গড়ায় টাইব্রেকে। সমতা ভাঙার তুমুল লড়াই শেষে রিবাকিনা ২

-১ সেটের জয় নিয়ে কোর্ট ছাড়েন।

আরেকদিকে পুরুষ এককের ম্যাচে আলকারাজের সামনে দাড়াতেই পারেননি চার্ডি। প্রথম সেটে দাপট দেখিয়ে আলকারাজ ৬-০ ব্যবধানে জয় তুলে নেন। দ্বিতীয় সেটে প্রতিরোধ গড়তে সক্ষম হন জিরেমি চার্ডি।

হাড্ডাহাড্ডি লড়াই চললেও শেষ পর্যন্ত দ্বিতীয় সেটেও আলকারাজ ৬-২ ব্যবধানে জিতেন, যার মাধ্যমে ম্যাচ জয়ের দ্বারপ্রান্তে পৌঁছে যান কার্লোস আলকারাজ। তৃতীয় ও শেষ সেটের শুরুর দিকে ছন্দ হারান তিনি। চার্ডি ১-০ ব্যবধানে এগিয়ে যাওয়ার পর স্বরূপে ফিরে আসেন আলকারাজ। এরপর ফের নিজেকে এগিয়ে নেন চার্ডি।

হাড্ডাহাড্ডি লড়াই করেও তিনি শেষ পর্যন্ত আলকারাজের তোপের মুখে টিকে থাকতে পারেননি। সেট সমতায় ফেরানোর পর আলকারাজ দাপট দেখিয়ে শেষ সেটে জয় তুলে নেন। যার মধ্য দিয়ে ৩-০ সেটের ব্যবধানে জয় নিশ্চিত করে কোর্ট ছাড়েন আলকারাজ।

উইম্বলডন চ্যাম্পিয়নশিপে পুরুষ এককে ডোমিনিক থিয়েমের বিপক্ষে লড়াই করছিলেন স্টিফানোস সিটসিপাস। প্রথম সেটে তিনি ৬-৩ ব্যবধানে হারার পর দ্বিতীয় সেটে নিজের সামর্থ্য দেখাতে শুরু করেন।

প্রথমে পিছিয়ে থাকলেও এক পর্যায়ে সিটসিপাস এগিয়ে যান ৪-৩ ব্যবধানে। এরপরই কোর্ট দখল করে নেয় বৃষ্টি। যার কারণে ম্যাচ থেকে কোনো ফলাফল পাওয়া যায়নি।

# সৌদি ফুটবলে নাম লেখালেন জেরার্ড



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** কোচ হিসেবে সৌদি ফুটবলে নাম লেখালেন স্টিভেন জেরার্ড। সাবেক ইংলিশ মিডফিল্ডারকে নিয়োগ দিয়েছে আল ইত্তেফাক। সামাজিক যোগাযোগ মাধ্যমে পোস্ট দিয়ে সোমবার জেরার্ডকে কোচ করার খবর জানায় আল ইত্তেফাক। সৌদি প্রো লিগের ক্লাবটির পক্ষ থেকে চুক্তির মেয়াদের ব্যাপারে কিছু বলা হয়নি। গত বছরের অক্টোবরে ইংলিশ ক্লাব অ্যাস্টন ভিলার কোচের দায়িত্ব হারান জেরার্ড। এরপর থেকে লম্বা সময় বেকার থাকার পর এবার সৌদি আরবে নতুন অধ্যায় শুরু করতে যাচ্ছেন লিভারপুলের সাবেক এই ফুটবলার।

২০১৬ সালে খেলোয়াড়ি জীবনের ইতি টেনে দেন জেরার্ড। কোচ হিসেবে তার যাত্রা শুরু হয় ২০১৮ সালে, স্কটিশ ক্লাব রেঞ্জার্সের দায়িত্ব নিয়ে। ৪৩ বছর বয়সী জেরার্ডের হাত ধরে ২০২০-২১ মৌসুমে ১০ বছরের মধ্যে নিজেদের প্রথম স্কটিশ প্রিমিয়ারশিপের শিরোপা জেতে রেঞ্জার্স।

# বিতর্ক যেন পিছু ছাড়ছে না নেইমারের



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** চোটের কারণে দীর্ঘদিন ধরে মাঠের বাইরে পিএসজি তারকা নেইমার জুনিয়র। তবে নানা ঘটনা আর অনিয়মের কারণে প্রায়ই নেতিবাচক সংবাদের শিরোনাম হন এই ব্রাজিলীয়ান। বিতর্ক যেন তার নিত্যসঙ্গী।

সর্বশেষ পরিবেশ সুরক্ষা আইন ভাঙার দায়ে পিএসজির এই ব্রাজিলিয়ান ফরোয়ার্ডকে ৩৩ লাখ ডলার জরিমানা করা হয়েছে। বাংলাদেশি মুদ্রায় যা ৩৫ কোটি ৬৫ লাখ টাকার বেশি।

এর কিছুদিন আগে সন্তানসম্ভবা প্রেমিকার বিশ্বাসভঙ্গ করে তোপের মুখে পড়েছিলেন নেইমার। এছাড়া পিএসজির কর্মকর্তাদের সঙ্গেও বাকবিতণ্ডায় জড়িয়েছিলেন তিনি।

কিছুদিন আগে পরিবেশ আইন লঙ্ঘনের অভিযোগে রিও ডি জেনেরিওর স্থানীয় কর্তৃপক্ষ নেইমারের বানানো একটি প্রাসাদের কাজ বন্ধ করে দেয়। ব্রাজিলের মানগারাতিবা শহর পরিষদ সচিবালয়ের অভিযোগ, পরিবেশ মন্ত্রণালয় ও নগর কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে বাড়ির পাশে কৃত্রিম লেক ও সৈকত নির্মাণ করেছেন নেইমার, যা স্বচ্ছ পানির উৎসে বাধা সৃষ্টি করেছে। বিলাসবহুল ওই প্রাসাদ বানানোয় তাকে ও তার বাবাকে আইনি নোটিসও পাঠানো হয়েছিল।

মানগারাতিবা শহর পরিষদ সচিবালয় এক বিবৃতিতে জানায়, নেইমার অনুমোদন ছাড়া নদীর পানি দখলে নিয়েছেন, যা পানির গতিপথ পাল্টে দিয়েছে। কৃত্রিম লেক ও সৈকত নির্মাণ করতে গিয়ে পরিবেশের আরো ক্ষতি করেছেন।

এসব করার জন্য নেইমার জমি অপসারণ ও গাছপালা কেটে ফেলেছেন। এর আগে নেইমারের বিরুদ্ধে নদীর পানি, পাথর ও সৈকতের বালু তোলার অভিযোগও এনেছিল স্থানীয় কর্তৃপক্ষ।

কর্তৃপক্ষ এরই মধ্যে কৃত্রিম লেক ও সৈকতের অংশটি ঘেরাও করে সব ধরনের কার্যক্রম বন্ধের নির্দেশ দিয়েছে। কিন্তু ব্রাজিলের সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, নিয়মনীতির তোয়াক্কা না করে সেখানে পার্টির আয়োজন করেছেন এবং লেকে গোসল করতে নেমেছেন নেইমার। যে কারণে তাকে জরিমানা করা হয়। সাত বছর আগে রিও ডি জেনেরিও থেকে ১৩০ কিলোমিটার দূরে নিজের পছন্দমতো রাজকীয় এক বাড়ি তৈরি করতে শুরু করেন নেইমার। নাম যার নেইমার ম্যানসন। কিন্তু এই বাড়ি বানাতে গিয়ে বিপাকে পড়েছেন তিনি।

২০১৬ সালে ব্রাজিলের রিও ডি জেনেরিওর দক্ষিণ প্রান্তে উপকূলীয় শহর মাঙ্গারাচিবাতে জায়গা কিনেন নেইমার। গত সোমবার শহরের কাউন্সিল সেক্রেটারিয়েট এক বিবৃতিতে জানায়, নেইমারের প্রাসাদে এই কৃত্রিম হ্রদ নির্মাণে পরিবেশ আইন লঙ্ঘন হওয়ায় চারটি জরিমানা করেছে মানগারাতিবার টাউন কাউন্সিল।

এই শাস্তির বিরুদ্ধে আপিল করতে ২০ দিন সময় পাবেন নেইমার। প্রাথমিকভাবে তাকে ৫০ লাখ রিয়াল জরিমানা করা হয়েছিল। শুধু জরিমানা দিয়েই পার পাবেন না নেইমার। স্থানীয় অ্যাটর্নি জেনারেলের অফিস, রাজ্য পুলিশ কর্তৃপক্ষ, পরিবেশ সুরক্ষা দপ্তরসহ পরিবেশ নিয়ন্ত্রণের আরো বেশ কয়েকটি কর্তৃপক্ষ সবাই আলাদা করে এটির তদন্ত করছে। অভিযোগ প্রমাণ হলে তারাও ব্যবস্থা নেবে।

এর কিছুদিন আগে প্রেমিকার সঙ্গে বিশ্বাসঘাতকতার অভিযোগ উঠেছিল নেইমারের বিরুদ্ধে। যে অভিযোগ স্বীকার করে সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে খোলা চিঠি লিখেন ব্রাজিলিয়ান ফুটবল সুপারস্টার, ক্ষমা চান প্রেমিকার কাছে। সন্তানসম্ভবা প্রেমিকা ব্রুনা বিয়ানকার্দিকে ইনস্টাগ্রামে একটি খোলা চিঠি লিখেন নেইমার। ব্রাজিলিয়ান সংবাদকর্মী এরলান বাস্তোস গত মঙ্গলবার নেইমারকে নিয়ে একটি গুঞ্জনের কথা জানান। ডিজিটাল প্ল্যাটফর্মের ইনফ্লুয়েন্সার ফের্নান্দো কাম্পোসের সঙ্গে নাকি প্রেম করছেন নেইমার। কাম্পোসের সঙ্গে প্রেম নিয়ে আলোচনা-সমালোচনার এক পর্যায়ে ইন্সটাগ্রামে নিজের সন্তানসম্ভবা প্রেমিকা ব্রুনাকে উদ্দেশ্য করে লম্বা এক পোস্ট করেন নেইমার।

আর তাতে ব্রাজিলিয়ান তারকা ক্ষমা চেয়েছেন। সে পোস্টে সেলেসাও তারকা স্বীকার করেছেন যে তিনি অসমর্থনীয় বিষয়কে যৌক্তিক বানানোর চেষ্টা করেছেন। নেইমার লিখেন, 'ব্রুনা, তোমাকে আমার জীবনে প্রয়োজন। আমি জানি, এসব ঘটনায় তুমি কতটা কষ্ট পেয়েছ এবং কতটা আমার পাশে থাকতে চাও। আমিও তোমার পাশে আছি। আমি ভুল করেছি। তোমার সঙ্গে ঠিক কাজ করিনি।'

ক্ষমা চাওয়ার এমন ঘটনার পর আবারো একই অভিযোগের কথা উঠেছে তাকে নিয়ে। আমেরিকান মডেল সেলেস্তে ব্রাইট জানিয়েছেন, তাকে ব্যক্তিগত খুদে বার্তা পাঠিয়েছেন নেইমার। নিজের প্রেমিকা থাকা সত্ত্বেও অন্য নারীর সঙ্গে এমন আচরণ মোটেই শোভনীয় নয় বলেও জানিয়েছেন তিনি।

এর আগে মোনাকোর কাছে হারের পর ক্লাব সতীর্থ ভিতিনহা এবং হুগো একিতিকের সঙ্গে ঝামেলায় জড়িয়ে পড়েছিলেন নেইমার। পাশাপাশি ক্লাবের এক কর্মকর্তার সঙ্গেও তিনি ঝামেলায় জড়ান। ব্রাজিলীয় তারকার আচরণে খুশি নয় পিএসজি। মোনাকোর বিপক্ষে প্রথম একাদশ নিয়ে খুব একটা খুশি ছিলেন না নেইমার। মাঠে খেলা চলাকালীনই সতীর্থদের সঙ্গে তর্ক করছিলেন।

এরফলে ৩-১ গোলে হেরে যায় প্যারিসের দলটি। ম্যাচ শেষ হওয়ার পর মাঠেই নেইমারকে ক্ষোভ প্রকাশ করতে দেখা যায়। প্রথমে নেইমার তার ফরোয়ার্ড জুটি হুগো একিটিকের সঙ্গে কথা-কাটাকাটি শুরু করেন। আরেক সতীর্থ ভিটিনহার ওপরও চড়াও হন।

অন্যদিকে দল হেরে যাওয়ায় এমনিতেই ক্ষিপ্ত ছিলেন পিএসজির ফুটবল উপদেষ্টা লুইস কাম্পোস। তিনি নাকি ড্রেসিংরুমে গিয়ে ফুটবলারদের সমালোচনা করেন। সে সময় তার সঙ্গে লেগে যায় নেইমারের। এ সময় নেইমারের পক্ষ নিয়ে বিবাদে যোগ দেন ব্রাজিলের মারকুইনহোস।

# ভারতীয় ক্রিকেটের

## প্রধান নির্বাচক হলেন আগারকার



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** আগেই জানা যায়, ভারতীয় ক্রিকেট দলের প্রধান নির্বাচক হতে পারেন আগারকার। ভারতীয় ক্রিকেট বোর্ড সূত্রে খবর ছিল, সাবেক এই অলরাউন্ডার সবার চেয়ে এগিয়ে ছিলেন আবেদনকারী প্রার্থীদের মধ্যে। আন্তর্জাতিক ক্রিকেটে দীর্ঘদিন খেলার অভিজ্ঞতা তাকে অন্যদের চেয়ে এগিয়ে রেখেছিল।

ভারতীয় বোর্ড এক বিবৃতিতে জানিয়েছে, 'সুলক্ষণা নায়েক, অশোক মালহোত্রা এবং যতীন পরাঞ্জপের ক্রিকেট অ্যাডভাইজরি কমিটি ইন্টারভিউর মাধ্যমে নির্বাচক কমিটির চেয়ারম্যানকে বেছে নিয়েছে। সর্বসম্মতিক্রমে অজিত আগারকারের নাম বিবেচিত হয়েছে।'

ভারতীয় দলের প্রধান নির্বাচক পদের জন্য আগ্রহী সাবেক ক্রিকেটারদের কাছ থেকে আবেদন চেয়েছিল ভারতীয় ক্রিকেট বোর্ড। বেশ কয়েকজন আগ্রহ প্রকাশ করে আবেদন করেছিলেন। গত ফেব্রুয়ারি মাসে চেতন শর্মা ইস্তফা দেওয়ার পর থেকে প্রধান নির্বাচকের পদ ফাঁকা ছিল। অস্থায়ীভাবে কাজ চালাচ্ছিলেন শিবসুন্দর দাস।

পশ্চিমাঞ্চল থেকে এখন জাতীয় নির্বাচক রয়েছেন সাবেক বোলার সলিল আঙ্কোলা। আগারকার প্রধান নির্বাচক হিসাবে মনোনীত হওয়ায় পশ্চিমাঞ্চল থেকে দু'জন থাকলেন জাতীয় নির্বাচক হিসাবে।

# বিশ্বকাপে খেলা হচ্ছে না জিম্বাবুয়ের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** স্কটল্যান্ডের কাছে বাছাই পর্বের শেষ ম্যাচে ৩১ রানে হেরে বিশ্বকাপের চূড়ান্ত পর্ব থেকে ছিটকে গেল জিম্বাবুয়ে। এর আগে ২০১৮ বিশ্বকাপে আরব আমিরাতের কাছে হেরে বিশ্বকাপ খেলার স্বপ্ন জলাঞ্জলি দিতে হয়েছিল দলটিকে।

মঙ্গলবার টস হেরে ব্যাটিং করতে নেমে ৫০ ওভারে ৮ উইকেট হারিয়ে ২৩৪ রান তোলে স্কটল্যান্ড। দলটির হয়ে সর্বোচ্চ ৪৮ রান করেছেন লিস্ক। এ ছাড়া ক্রস ৩৮, ম্যাকমালেন ৩৪, জর্জ মানজি ৩১ এবং ক্রিস্টোফার ম্যাকব্রাইড ২৮ রান করেছেন। জিম্বাবুয়ের হয়ে উইলিয়ামস তিনটি এবং চাতারা নিয়েছেন দুটি উইকেট।

জবাবে খেলতে নেমে ১৮তম ওভারের মধ্যে ৯১ রানে ৫ উইকেট হারিয়ে ফেলেছিল জিম্বাবুয়ে। এখান থেকে রায়ান বার্ল ও ওয়েলেসলি মাধেভেরে ৭৪ বলে ৭৩ রানের জুটিতে জিম্বাবুয়ের আশা টিকিয়ে রেখেছিলেন। যদিও শেষ পর্যন্ত দলকে টেনে তুলতে পারেননি তারা। ফলে ৪১.১ ওভারেই ২০৩ রান তুলে অলআউট হয়ে যায় জিম্বাবুয়ে। ফলে ৩১ রানে পরাজয় বরণ করে জিম্বাবুয়ে।

বাছাইপর্ব থেকে দুটি দল খেলবে বিশ্বকাপের চূড়ান্তপর্বে। শ্রীলঙ্কা আগেই চূড়ান্তপর্বে খেলা নিশ্চিত করেছে। বাকি ছিল একটি জায়গা। জিম্বাবুয়ে আজ জিতলেই শূন্যস্থানটি পূরণ হতো। কিন্তু হারে ৫ ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবিলের তিনে নেমে গেল জিম্বাবুয়ে। ৩১ রানে হেরে নেট রান রেটে চতুর্থ স্থানে থাকা নেদারল্যান্ডসের চেয়েও পিছিয়ে পড়েছে জিম্বাবুয়ে।

স্কটিশরা আবার শেষ ম্যাচে মুখোমুখি হবে নেদারল্যান্ডসের। যার অর্থ ওই ম্যাচে স্কটল্যান্ড হেরে গেলেও দুইয়ে ওঠার কোনো সম্ভাবনা নেই জিম্বাবুয়ের।

আগামী পরশু নেদারল্যান্ডসের বিপক্ষে শেষ ম্যাচটি খেলবে স্কটল্যান্ড। এই ম্যাচটা জিতলেই চূড়ান্তপর্বে উঠবে স্কটল্যান্ড। কিন্তু হারলে? নেদারল্যান্ডস যদি অনেক বড় ব্যবধানে জেতে তাহলে ডাচরাই উঠে যাবে বিশ্বকাপের চূড়ান্তপর্বে।

# মার্টিনেজকে নিয়ে বিশৃঙ্খলা,

## ভাঙল গাড়ির কাচ, ফিরলেন পুলিশের গাড়িতে



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** বাংলাদেশ সফর শেষ করে কলকাতায় গেছেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজ। তবে সেখানে পা রাখার আগ থেকেই তাকে নিয়ে উত্তেজনা তুঙ্গে ছিল। বিশ্বকাপ জয়ী এই গোলকিপারের অনুষ্ঠানকে ঘিরে এমন বিতর্ক তৈরি হবে সেটা কে জানত!

ঢাকা থেকে কলকাতায় পৌঁছার পর বিমানবন্দরে মার্টিনেজকে স্বাগত জানাতে উপস্থিত হয়েছিল হাজারো ফুটবলপ্রেমী। মঙ্গলবার সকালে তাকে সংবর্ধনা জানায় ইস্টবেঙ্গল ও মোহনবাগান ক্লাব। তবে অনুষ্ঠান শুরুর নির্ধারিত সময়ের প্রায় ২০-২৫ মিনিট পরে পৌঁছান মার্টিনেজ। তার অনেক আগে থেকেই ভিড় জমেছিল সেখানে।

তিনি মঞ্চে ওঠার পরে তার ছবি তোলার জন্য এগোতে থাকেন দর্শকরা। তাকে ঘিরে ধীরে ধীরে বিশৃঙ্খলা বাড়তে থাকে। সাবেক ফুটবলাররা মার্টিনেজের সঙ্গে ছবি তোলার জন্য মঞ্চে উঠে পড়েন। অনেকের সঙ্গে স্ত্রী-সন্তানরাও ছিলেন। আয়োজকদের পক্ষে বার বার তাদের নামতে অনুরোধ করা হলেও তারা সেটা শোনেননি।

মঞ্চের সামনে হুড়োহুড়ি শুরু হয়ে যায়। ব্যারিকেড টপকে অনেকে ঢুকে পড়তে থাকেন। তাতেই ব্যারিকেড ভেঙে পড়ার মতো পরিস্থিতি তৈরি হয়। প্রায় ২০ মিনিট পরে পুলিশ এসে পরিস্থিতি সামলায়। পরে অনুষ্ঠান শেষ হওয়ার পরে বেরিয়ে যান মার্টিনেজ। এর পরেই ঘটে বিপত্তি।

মার্টিনেজ যখন ফিরে যাচিছলেন সেই সময় সমর্থকদের চাপ গিয়ে পড়ে গাড়িতে। মার্টিনেজের জন্য আয়োজন করা নিরাপত্তা বেষ্টনী ভেঙে সমর্থকরা পৌঁছে যায় তার গাড়ির কাছে। আর সেই চাপে ভাঙল তার গাড়ির কাচ। বাধ্য হয়ে পুলিশের গাড়িতে করে তাকে ফিরতে হয়।

## পাকিস্তান-ইংল্যান্ড

# সিরিজের সূচি ঘোষণা



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** সর্বশেষ ২০২২ টি-টোয়েন্টি বিশ্বকাপের ফাইনালে মুখোমুখি হয়েছিল পাকিস্তান ও ইংল্যান্ড। যেখানে পাকিস্তানকে হারিয়ে ইংলিশরা শিরোপা উৎসবে মাতে। আগামী বছরের মে মাসে আবারও দল দুটি মুখোমুখি হতে যাচ্ছে। একই বছর ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে অনুষ্ঠিত হবে টি-টোয়েন্টি বিশ্বকাপ আসর। যার প্রস্তুতি হিসেবে পাকিস্তান-ইংল্যান্ড এই সিরিজ খেলবে। ইতোমধ্যে সিরিজটির পূর্ণাঙ্গ সূচি ঘোষণা করা হয়েছে।

টি-টোয়েন্টির বর্তমান বিশ্বচ্যাম্পিয়ন ইংল্যান্ড আসন্ন চার ম্যাচের সিরিজটি আয়োজন করবে। আগামী ২২-৩০ মে'র মধ্যে অনুষ্ঠিত হবে সেসব ম্যাচ। ২২ মে লিডসে প্রথম ম্যাচ এবং পর্যায়ক্রমে ২৫ মে (বার্মিংহাম), ২৮ মে (কার্ডিফ) এবং ৩০ মে (লন্ডনের ওভাল) বাকি ম্যাচগুলো অনুষ্ঠিত হবে।

২০২২ বিশ্বকাপের ফাইনালে এক ওভার হাতে রেখেই বাবর আজমের দলকে ৫ উইকেটে হারিয়েছিল ইংল্যান্ড। অস্ট্রেলিয়ার মাটিতে হওয়া আসরটির আগে পাকিস্তানে গিয়ে তারা ৭ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলেছিল। যেখানে বিশ্বচ্যাম্পিয়নরা সিরিজ জিতে নেয় ৪-৩ ব্যবধানে। করাচি ও লাহোরে অনুষ্ঠিত ম্যাচগুলোতে ঘরের মাঠের সুবিধা আদায় করতে পারেনি পাকিস্তান।

বর্তমানে টি-টোয়েন্টি র‍্যাংকিংয়ের দুই নম্বর দল জস বাটলারের ইংল্যান্ড। অন্যদিকে পাঁচ পয়েন্টে পিছিয়ে থাকা বাবরদের অবস্থান চারে। আসন্ন সিরিজের আগে যুক্তরাজ্যে নেদারল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচ এবং আয়ারল্যান্ডের বিপক্ষে দুইটি টি-টোয়েন্টি খেলবে পাকিস্তান। যদিও সিরিজ দুটি নিয়ে এখনও পূর্ণাঙ্গ সূচি জানানো হয়নি।

বর্তমানে শ্রীলঙ্কার সঙ্গে দুই ম্যাচের টেস্ট সিরিজ খেলতে দেশটিতে অবস্থান করছেন বাবর-শাহীন আফ্রিদিরা। এরপর যৌথ আয়োজক দেশটির সঙ্গে তাদের এশিয়া কাপের লড়াই শুরু হবে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR